


GANDHI NEWS

ગાંધી સંવાદ



VOL. 11, No. 1

APRIL-JUNE, 2016



BULLETIN OF GANDHI MEMORIAL MUSEUM

Gandhi
news
গান্ধীমতবাদ

April-June 2016

Editor : Prof. Jahar Sen

সম্পাদক : জহর সেন

Contribution : Rs. 20/-

বিনিময় : ২০ টাকা

GANDHI NEWS

গান্ধী সংবাদ

এপ্রিল-জুন ২০১৬

সূচিপত্র

1. Editorial	: Swadhyaya Movement : A Gandhian Approach to Voluntary Action	5
2. Document	: Gandhi's Tribute to ISWARCHANDRA VIDYASAGAR	8
3. A. Annamalai	: Revisiting Gandhi—Issues and Challenges	13
4. শশিভূষণ দাশগুপ্ত	: ভাবনা	21
5. গৌরী আইয়ুব	: ব্যর্থ লোকনায়ক	25
6. সলীল বিশ্বাস	: টলস্টয়-গান্ধী : নান্দনিক ভাবনা	30
7. Director-Secretary's Report	: Director-Secretary's Report on the Programmes and Activities of the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore, during March, 2016 to May, 2016	37
8. List of Articles	: List of English Articles Published in Gandhi News/Gandhi Sanbad from 1998 to 2016	45

Editorial

Swadhyaya Movement : A Gandhian Approach to Voluntary Action

In this editorial column we have the pleasure to draw the attention of the interested readers to an article “Fifty year down the Road : Some Home Truths” by Kamala Choudhury published in *Indian Book Chronicle* (Vol 24. No. 6, September 1999.) The article deals in brief with Swadhyaya movement in Gujrat and Maharashtra.



Pandurang Shashtri

Pandurang Shashtri is a devoted teacher of *Bhagwat Gita*. In 1951 he started the movement with nineteen students who attended his discourses on Gita. The main burden of his discourses was :

Devotion should not be limited to temple worship, rites and rituals, singing and chanting only. This crude faith will drown us in oceans and man shall be degraded to beastly sensual existence. Under such conditions, if young people

like you who have studied the Upanishads and Gita and do nothing, you will be guilty of neglecting your duty. Neither society nor history, nor God will ever forgive this lapse on your part. Therefore you must go to villages. This too is a form of devotion.


The Swadhyaya Movement was prevalent in Gujrat and Maharashtra. It has transformed the traditional society of millions of people. The alpha and omega of this movement is the human and spiritual urges of the people. These form the basis of economic development. In 1997 Pandurang Shashtri Athvale, the founder-leader of the Movement was awarded Temptation Award for Progress in Religion. The Swadhyaya community was credited in the certificate of the award with reaching out the nearly 1,00,000 villages and improving the lives of an estimated 20 million people.

In a drought-prone area in Gujrat, the *Swadhyaya* engineers and technicians helped Swadhyaya villagers and communities to use rain water to

recharge 94,465 wells and 208 dry lakes. The intermeshing of *bhakti*, devotion to God, with technical knowledge has provided new and creative ways of teaching and learning and transforming village institutions and village communities.

In his acceptance speech at the Magasaysay Award, Pandurang Shastri described his work. “We *Swadhyayees* try to bridge the gap between the haves and have-nots, but we are not socialists. We are engaged in removing the dirt and rust which has settled on our culture. Yet we are not reformers. We do try to emancipate women from their oppressed conditions but we are not women liberators. We are basically devotees, i.e. *bhaktas*.”

The *Swadhyaya* movement and ‘*bhaktipheri*’ that is devotional tours



Pandurang Shashtri Athvale Award for Progress in Religion, 1997

to villages became an instrument of social activism. Every Swadhyayee practices *bhakti* by visiting 5 households every month. This '*bhakti*' is an important instrument of social activism and change.

Majid Rahman from Iran, an international civil servant, in describing his encounter with the *Swadhyaya* movement said "Swadhyaya has shown how a number of so-called underdeveloped people were successfully 'developing' and adapting themselves to outside changes in ways much more effective and intelligent than what most professional experts in the field were able to offer."


Pandurang Shastri explains his method : "*My effort is to create a new man who pursues the divine mission in which God is the Centre. Individual transformation and empowerment is achieved through service to the divine. It treats economic development as a by-*

product of individual transformation and empowerment through service. Swadhyaya tackles the materialist western worldview by reasserting the essential spiritual quality of human nature."

On 12 March, 1930 Gandhi undertook the historic Dandi March. On the same day the Gujarati translation of his *Geeta* was published in English.

A member of the Ashram found it difficult to understand the Gujarati version. His complaint moved Gandhi. Gandhi was then residing at Yerwade prison. From November 4, 1930 onward Gandhi wrote letters to Ashram. The first letter was devoted to Chapter XII of the *Geeta*. In this letter Gandhi wrote, "Let me tell you what the true devotee is like. ...He reduces himself to zero." Voluntary work of group dynamics can work wonders in every aspect of human activity, Pandurang is, indeed, little Gandhi.





Gandhi's Tribute to ISWARCHANDRA VIDYASAGAR

There is no gainsaying the fact that a nation's rise or fall depends upon its great men. The people who produce good men cannot but be influenced by them. The main reason for the special distinction that we find in Bengal is that many great men were born there during the last century. Beginning with Rammohan Roy,¹ one heroic figure after another has raised Bengal to a position higher than that of the other provinces. It can be said that Ishwarchandra Vidyasagar was the greatest among them. "Vidyasagar", which means an ocean of learning, was an

honorific of Ishwarchandra, conferred on him by the pandits of Calcutta for his profound Sanskrit learning. But Ishwarchandra was not an ocean of learning only; he was an ocean of compassion, of generosity, as well as of many other virtues. He was a Hindu, and a Brahmin too. But to him, Brahmin and Sudra, Hindu and Muslim, were all alike. In any good deed that he performed, he made no distinction between high and low. When his professor had an attack of cholera, he himself nursed him. As the professor was poor, Ishwarchandra called in the doctors

1. (1774-1833). A great social and religious reformer, founder of the Brahmo Samaj, supported abolition of *Sati* and worked hard for the spread of education.

at his own cost and himself attended to the patient's toilet.

He used to buy *luchi*² and curds and feed the poor Muslims at his own cost, in Chandranagar,³ and helped with money those who needed it. If he saw a cripple or anyone in distress by the roadside, he took him to his own house and nursed him personally. He felt grief at other people's sorrows and joy at their joys.

Himself he led a very simple life. His dress consisted of a coarse *dhoti*, a shawl of a similar kind to cover his body, and slippers. In that dress he used to call on Governors, and in the same dress he greeted the poor. He was really a *fakir*, a *sannyasi* or a *yogi*. It behoves us all to reflect on his life.



Father : Thakundas

Mother : Bhagabati Devi

Ishwarchandra was born of poor parents in a small village in the Midnapur *taluka*.⁴ His mother was a very saintly woman, and many of her virtues were

inherited by Ishwarchandra. Even in those days, his father knew some English, and decided to give his son a better education. Ishwarchandra began his schooling at the age of five. At the age of eight, he had to walk sixty miles to Calcutta to join a Sanskrit College. He had such a prodigious memory that he learnt the English numerals by looking at the figures on the milestones while walking along the road. At sixteen he became well versed in Sanskrit, and was appointed a Sanskrit

teacher. Rising step by step, he at last became the Principal of the college where he had studied. The Government held him in great

2. A kind of unleavened and fried bread made from flour.

3. In West Bengal, then a French possession.

4. In West Bengal.

respect. But, being of an independent nature, he could not adjust himself to the Director of Public Instruction and resigned his post. Sir Frederick Halliday, the Lieutenant-Governor of Bengal, sent for him and requested him to withdraw his resignation, but Ishwarchandra flatly declined.

His nobility and humanity had their true blossoming after he had given up his job. He saw that Bengali was a very good language, but appeared poor for want of fresh contributions. He, therefore, began writing books in Bengali. He produced very powerful books, and it is mainly due to Vidyasagar that the Bengali language is at present in full bloom and has spread throughout India.

But he also realised that merely writing books was not enough; and so he founded schools. It was Vidyasagar who founded the Metropolitan College in Calcutta. It is staffed entirely by Indians.

Considering that elementary education was quite as necessary as higher education, he started primary schools for the poor. This was a stupendous task in which he needed Government help. The Lieutenant-Governor assured him that the Government would bear

the cost; but the Viceroy, Lord Ellenborough, was opposed to this and the bills preferred by Vidyasagar were not passed. The Lieutenant-Governor was very sorry and suggested that Ishwarchandra might file a suit against him. Brave Ishwarchandra replied : "Sir, I have never gone to a court of law to get justice for myself. How, then, is it possible for me to proceed against you?" At that time other European gentlemen who used to help Ishwarchandra in his work rendered him good financial aid. Not being very rich himself, he often ran into debt by helping others out of their difficulties; nevertheless, when a proposal was made to raise a public subscription for him, he turned it down.

He did not rest satisfied with thus putting higher and elementary education on a sound footing. He saw that, without the education of girls, the education of boys alone would not be enough. He found out a verse from Manu which said that the education of women was a duty. Pressing it into service, he wrote a book on the subject and, in collaboration with Mr Bethune, founded the Bethune College for imparting education to women. But it was more difficult to get women


to go to college than to establish it. As he lived a saintly life and was very learned, he was respected by all. So he met prominent people and persuaded them to send their womenfolk to the College; and thus, their daughters began to attend the College. Today there are in that College many well-known and talented women of sterling character, so much so that they can by themselves carry on its administration.

Still not satisfied, he started schools imparting elementary education to small girls. Here food, clothing and books were supplied free of charge. Consequently, one can see today thousands of educated women in Calcutta.

To meet the need for teachers he started a Teachers' Training College. Seeing the very pitiable condition of Hindu widows, he advocated the remarriage of widows; he wrote books and made speeches on the subject. The Brahmins of Bengal opposed him, but he did not care. People threatened to kill him, but he went on undaunted. He got the Government to pass a law legalising

remarriage of widows. He persuaded many men and arranged the remarriage of daughters of prominent men widowed in childhood. He encouraged his own son to marry a poor widow.

The *kulin* or high-born Brahmins were given to taking a number of wives. They were not ashamed of marrying as many as twenty of them. Ishwarchandra wept to see the sufferings of such



women; and he carried on his efforts till the end of his life to eradicate this wicked custom.

When he saw thousands of poor people in Burdwan suffering from malaria, he maintained a doctor at his own cost and personally distributed medicines among them. He went to the houses of the poor and gave them the necessary help. In this way he worked ceaselessly for two years, secured Government help and called for more doctors.

In the course of this work, he saw the necessity of a knowledge of medicine. So he studied homoeopathy, attained proficiency in it, and began to prescribe medicines to the sick. He did not mind travelling long distances in order to help the poor.

He was equally a stalwart in helping big princes out of their difficulties. If any of them had injustice done to him or was reduced to poverty, Ishwarchandra used to help him with his influence, knowledge and money, and mitigate his distress.

While he was engaged in these

activities, Vidyasagar passed away in 1890, at the age of seventy. There have been few in this world like him. It is said that, had Ishwarchandra been born among a European people, an imposing column, like the one raised by the British for Nelson, would have been erected as a memorial to him. However, a column to honour Ishwarchandra already stands in the hearts of the great and the small, the rich and the poor of Bengal.

It will now be clear to us how Bengal provides an example for the other parts of India to follow.



Revisiting Gandhi—Issues and Challenges

A. Annamalai

*Director, National Gandhi Museum,
Rajghat, New Delhi- 110002, India*

Rabindranath Tagore, the Nobel Laureate and the son of the soil once wrote about Gandhiji: “He stopped at the threshold of the huts of the thousands of dispossessed, dressed like one of their own. “He spoke to them in their language.

Here was living truth at last, and not quotations from books. For this reason, the ‘Mahatma’, the name given to him by the people of India, is his real name. Who else has felt like him that all Indians are his own flesh and blood...At Gandhi’s call India blossomed forth to new



This paper was presented as key-note address in the National Seminar on ‘*Rethinking Gandhian thought : Issues and Challenges*’, organized by Gandhi Smarak Sangrahalaya, Barrackpore, held on March 26, 2016

greatness, just as once before, in earlier times, when the Buddha proclaimed the truth of fellow feeling and compassion among all living creatures.”

■ Erosion of Ethical Standard and Corruption :

When there has been deep erosion of moral values in our private and public life, and when ethical principles have all but disappeared, it is good to revisit Gandhiji because the Gandhian values appear to be an effective alternative to the present crisis of the world. He provided not only the political leadership to achieve freedom, but also moral leadership, which is of greater need today.

■ Violence, Terrorism and Extremism :

Violence and counter-violence of either side could result in more inhuman form of destruction and we risk tit-for-tat violence that looks hard to get out of this vicious circle. Recent attacks in Belgium and France are just an example of the inhuman, unethical form of retaliation but ultimately the sufferers are mostly innocent people. Therefore Martin Luther King Jr observed the usage of violence and its limitation— “The

ultimate weakness of violence is that it is a descending spiral, begetting the very thing it seeks to destroy. Instead of diminishing evil, it multiplies it... Through violence you may murder the hater, but you do not murder hate. In fact, violence merely increases hate.... Returning violence for violence multiplies violence, adding deeper darkness to a night already devoid of stars. Darkness cannot drive out darkness; only light can do that. Hate cannot drive out hate; Only love can do that”.

Gandhi was well aware of the ill effects of the act of violence. He was himself associated with war during Boer War and Zulu Rebellion in South Africa and witnessed two World Wars. Therefore, Gandhi evolved carefully and presented to the world the idea of nonviolence, the most pragmatic and potent technique of conflict resolution for a civilized society-as an alternative to war and violence. Gandhi’s nonviolence is not static, it evolves and adapts to changing situations. He used his non-violent resistance against racial discrimination in South Africa and in India he used non-violent methods to fight against the British Raj.

I would like to quote a few

instances of non-violence practised by Gandhi. In South Africa he tried to present the grievances of Indian residents, who had migrated from India in search of jobs. In the process he had to oppose the various measures formulated by General Smuts. However, in 1914, in an act of supreme generosity, Gandhi presented Smuts with a pair of sandals which he had made himself. These were used by Smuts for a few years. But, in 1939, he wanted to return the sandals to Gandhi on his seventieth birthday, saying, "I have worn these sandals for many a summer ... even though I may feel that I am not worthy to stand in the shoes of so great a man. It was my fate to be the antagonist of a man for whom even then I had the highest respect. ... He never forgot the human background of the situation, never lost his temper or succumbed to hate, and preserved his gentle humour even in the most trying situations. His manner and spirit even then, as well as later, contrasted markedly with the ruthless and brutal forcefulness which is the vogue in our day..." In the words of Gandhi, "It is the acid test of non-violence that, in a non-violent conflict, there is no rancour left behind, and in the end the

enemies are converted into friends. That was my experience in South Africa, with General Smuts. He started with being my bitterest opponent and critic. Today he is my warmest friend".

In another instance, Lord Irwin, who was the Viceroy of India when Gandhiji engaged in a Civil Disobedience Movement through Salt March, once said, "I personally felt I could trust Mr. Gandhi and I did trust him. Now I am going to tell you something and if you let it out, my name is mud. It's finished. You have got to keep it to yourself. I'll tell it to you in confidence. Never a word to anybody came out of Gandhi. Therefore, I have every reason to have great respect and regard for the name of that very remarkable little man." Lord Irwin trusted his own enemy! This trust building is essential in resolving conflict through nonviolent method.

For example, due to the growth of the Hand Spinning (*Khadi*) Movement in India, most of the textile industries in Manchester and Lancashire were closed down and the people became unemployed. When Gandhi went to London in 1931 to attend the Second Round Table Conference, he wanted to meet those unemployed mill workers. He wanted to convey


his real meaning of 'Swadeshi' to the people of England. Finally he conveyed his views and they also understood Gandhi. This is the power of love and nonviolence. It penetrates into the hearts of even the hardest people.

■ **Spiritual Journey— From 'God is Truth' to 'Truth is God' :**

In a country having great diversity of religion, caste and political


of the acceptance and recognition of multi-religious and multi-cultural society. Under normal circumstances, domination by the majority or domination by a few results in the suppression of the rest and this invariably creates unrest in the society. Therefore, we should create an environment in which all the stakeholders are able to meaningfully participate in the process of development and in the making of the country.

Gandhi once wrote, "I shall work for an India in which the poorest shall feel that it is their country, in whose making they have an effective voice, an India in which there shall be no



affiliations, differences are bound to arise. Differences are a reality and that is the beauty— difference is beauty. Whether we are in India or in elsewhere, we have to appreciate the differences among different communities, religions, nationalities and the like. Gandhi's spiritual journey from 'God is Truth' to 'Truth is God' is the result

high class and low class of people, an India in which all communities shall live in perfect harmony. There can be no room in such an India for the curse of untouchability or the curse of intoxicating drinks and drugs. Women will enjoy the same rights as men. This is the India of my dreams."



■ Cultural Fundamentalism and Intolerance :

Gandhiji's religious pluralism involves a profound transformation in the self-understanding of every religion, particularly those making absolutist claims. It requires them to recognize that although they contain truth, it is neither the whole truth nor nothing but the truth, and that they need to be self-critical and open. While some groups in all religions are moving in this direction, others offer strong resistance.

Basically every religion has its own geographical character. If we insist upon certain conditions on other faiths, naturally they react and resist. Recent incidents on religious intolerance posed a great challenge to the fundamental principles of the constitution of India. Freedom of speech and freedom of expression are the fundamental rights of the individual and they cannot be

curtailed in a democratic country like India. Some people are trying to interpret nationalism and patriotism in their own way. If we started eliminating people according to our own interpretation, nobody will be left out. Therefore, Gandhi said "The Hindus, the Muslims, the Sikhs, the Christians, the Parsis and the Jews should be Indians first and Indians last. Religion is the personal affair of each individual. It must not be mixed up with politics or national affairs."

Gandhi lived and died for communal unity and oneness of God irrespective of labels like Christian, Parsi, Hindu or Muslim or even an untouchable. He transcended all the barriers of religion, language, nationhood, etc. and moved with all the people of different faiths in an equal way.

■ Poverty, Inequality and Structural Violence :


Economic development includes alleviation of poverty and hunger, adequacy of the supply of basic needs, reduction of inequality in the distribution of income and wealth, reduction of regional disparities in the rates and patterns of development and finally, preservation of acceptable

environmental quality and an enhancement of the quality of life.

The percolation theory believes “growth solves every problem including the problem of poverty”. But in reality when growth goes on increasing, more and more families are thrown out at the bottom. This is the most vulnerable point in the modern development model. Then question arises, Development for whom? This is the question of the redistribution of the benefit of growth.

Economics as visualized by Gandhi must be seen in the light of his philosophy of life in its totality. He emphasized the need of production by masses instead of mass production. Mass production is only concerned with the product, whereas production by the masses is concerned with the product as well as the producers, and the process involved in it. If understood in the right context and perspective, his method of production by masses, i.e., decentralized means of production and distribution, would control the

growth of centralized mode of ownership, the means of production and the resulting capital formation. Gandhi was not opposed to capital growth but opposed to capital and the surplus concentrated in a few. Instead of accumulating the surplus in the hands of a few, the surplus should be distributed among the masses, thereby bridging the growing gap between the haves and



have-nots.

Today's growth cannot be considered as an organic growth. For example, if you take India, only a few cities are developed. Development of handful of cities cannot solve our economic problems. In fact, it will create and increase our problems. This growth pattern increases the gap between the rich and poor and

urban and rural. Cities are growing at the cost of the villages causing livelihood problems in the villages, resulting in migration to the cities and living there in inhuman conditions. Gandhi wanted to have an organic growth—inclusive growth—with focus on sustainability. Therefore, our development mantra should be sustainability.

When asked if he was against all machinery? Gandhiji said, “My answer is emphatically ‘No’. But, I am against its indiscriminate multiplication..... What I object to, is the craze for machinery, not machinery as such. The craze is for what they call labour-saving machinery. Men go on ‘saving labour’, till thousands are without work and thrown on the open streets ‘to die of starvation. I want to save time and labour, not for a fraction of mankind, but for all, I want the concentration of wealth, not in the hands of few, but in the hands of all. Today machinery merely helps a few ride on the backs of millions. The impetus behind it all is not the philanthropy to save labour, but greed. It is against this constitution of things that I am fighting with all my might.”

Gandhi was not against machinery or modern technology.

He insisted that machinery or technology should be appropriate to our social and economic environment. It should not control the humanity. It should not replace our huge labour force. Rural economy and agro-based industries should be developed and strengthened. It should be environmental friendly. Ultimately it should bring the changes in the living standards of the common people. This is what Gandhi wanted. But we are totally misinterpreting Gandhi, in publicizing that Gandhi opposed modernizing technology.

His economic philosophy is vibrant, ever widening. It is not techno-centred, but people-centred. Due to technological advancements fewer and fewer people are needed to work, because the industrialists want greater productivity. The masters of the money economy want more and more efficient machines working faster and faster, and the result is that men and women are thrown out and become technologically unemployed. Such a society generates rootless and jobless millions, living as dependents of the state or beggars in the streets of the metros.

Gandhi was fortunate in a way that no other leader of the world of

his time encountered so many civilizations. He lived, experienced and experimented with these civilizations actively and encountered them very passionately. He was born and brought up in the cultural traditions of India, he went to London to study law where he encountered the western civilization and finally, he struggled in South Africa where he experienced African civilization. Therefore, it has greater meaning when he says, “I do not want my house to be walled in on all sides and my windows to be stuffed. I want the cultures of all lands to be blown about my house as freely as possible. But I refuse to be blown off my feet by any. I refuse to live in other people’s houses as an interloper, a beggar or a slave.”

■ **Environmental degradation, Pollution and Global Warming :**

Environmental issues are posing a great threat to the planet Earth. Our planet is a living organism that acts and responds to everything we do on her. We cannot treat the earth as a non-living thing. Recent heavy rains and floods in Chennai are an example for the erratic behavior of

the nature. Slowly natural rhythm-natural cycle is changing due to various factors including Global Warming. It is nothing but the consequential effect of reckless industrialism and consumerism. Through various Earth Summits, countries are now serious in taking corrective measures. Gandhiji’s idea that “nature has enough to satisfy every one’s needs, but not to satisfy anybody’s greed” becomes one line ethic to modern environmentalism.

Today we are deliberating upon many issues and challenges pertaining to the modern development. Asking right question at the right time is as important as giving the right answer. Hopefully we have raised here right questions, in order to find out appropriate answers.

I conclude my key-note address with the sayings of Dr. Martin Luther King, “Gandhi was inevitable. If humanity is to progress, Gandhi is inescapable. He lived, thought and acted, inspired by the vision of humanity evolving toward a world of Peace and Harmony. We may ignore Gandhi at our own risk.”

Gandhi is not a spent bullet, he is the creative alternative.



ভাবনা

শশিভূষণ দাশগুপ্ত

আধুনিককালে সুযোগ-সুবিধা মত গান্ধীবাদের দুই-চারিটি কথাকাজে লাগাইয়া দিবার একদিকে যেমন একটা উৎসাহ দেখা যাইতেছে, আবার অন্যদিকে প্রসঙ্গে-অপ্রসঙ্গে গান্ধীবাদের দুই-চারিটি কথা টানিয়া আনিয়া সে সম্বন্ধে দু'পাঁচটি কড়া কথা শুনাইয়া দিবার লোভও অনেকে সম্বরণ করিতে পারিতেছেন না। আগে অবশ্য খুব কথা শুনিতাম গাইকজীর চরকাবাদের বিরুদ্ধে। এখন চরকা আপনা-আপনিই অনেকখানি মাচায় উঠিয়াছে— গর্জনকারী সিংহেরাও তাই যেন আবার খাঁচায় ফিরিয়াছেন। কিন্তু সমালোচনা পূর্বে যত শুনিতাম অধিকাংশই হইল চরকার সহিত বিংশ শতাব্দীর কল-মিলের তুলনায়। এইখানেই আমার মৌলিক আপত্তি। প্রথমত গান্ধীবাদিগণের



Gandhi at the spinning wheel, Sabarmati Ashram, 1925
Charkha (spinning wheel) became the symbol of National Unity

নিকটে চরকার মূল্য শুধুমাত্র একটা উৎপাদনকারী যন্ত্র হিশাবে নয়, ইহার মূল্য গান্ধীবাদের একটা প্রতীকরূপে। কিন্তু সে প্রতীকধর্মের কথা ছাড়িয়াই দিতেছি। চরকার যে অর্থনৈতিক দিক রহিয়াছে তাহার সম্বন্ধেই কথা বলিতেছি। বিশুদ্ধ অর্থনীতি বলিয়া দুনিয়ায় কোনওবস্তু আছে বলিয়াই যে বিশ্বাস করিতে পারিতেছি না। জীবন-নীতিই শিবের গীতি; তাহা না গাহিয়া অর্থ-নীতির ধান ভানিব কিরূপে? সোনারুপায় নির্মিত মুদ্রা

বা কারেন্সি নোটের মূল্যতঃ কোনও নিরপেক্ষ মূল্য নয়, জীবনের মূল মূল্যবোধেরই একটি দ্রব্যাত্মক প্রকাশ অর্থনীতির স্বার্থে। এইজন্যই গান্ধীবাদের জীবনবোধের সব আশপাশের কথা না বলিয়া চরকার অর্থ কিছুতেই বোঝান যায় না। সেই আশ-পাশের কথা সব যোগ করিলেই দেখিতে পাইব, কল-মিল যে জীবন-দর্শনের সহিত যুক্ত চরকা আদৌ সেই জীবন-দর্শনের সঙ্গেই যুক্ত নয়; চরকা যে জীবন-দর্শনের প্রতীক, কল-মিল তাহার ঠিক বিপরীত জীবন দর্শনের প্রতীক; সুতরাং চরকা ও কল-মিলের ভিতরে কোনও তুলনামূলক বিচারের প্রশ্ন ওঠে না। মনুষ্য-সমাজের সম্বন্ধে যে কল্যাণের আদর্শ মনে রাখিয়া এবং সেই কল্যাণলাভের যে পন্থায় বিশ্বাসী হইয়া আমরা কল-মিলকে আশ্রয় করি, গান্ধীবাদ তাহাকে চরম কল্যাণ বলিয়া বিশ্বাস করে না; সেই অকল্যাণের পথ হইতে চরকা মানুষকে যথার্থ কল্যাণের পথে ফিরাইয়া আনিবে ইহাই গান্ধীবাদের বিশ্বাস। এক্ষেত্রে যদি আঘাত করিতে হয় তবে সমগ্র গান্ধীবাদকেই আঘাত করিতে হইবে, চরকাবাদকে আঘাত করিবার কোন অর্থ হয় না।

চরকার কথা বলিতে একটি বন্ধুর কথা মনে পড়িয়া গেল। সব লোকেরই যেমন বাহিরে না হইলেও ভিতরে একটা বিশ্বাস প্রচ্ছন্ন থাকে যে দুনিয়ায় একটি লোক খালি 'প্র্যাকটিকাল'— এবং সে লোকটি 'আমি'— আমার বন্ধুরও শুধু সেই প্রচ্ছন্ন বিশ্বাস নয়, একেবারে প্রকট রোগ ছিল। তাঁহার মতে, দুনিয়ার আর সব মানুষই কিঞ্চিদধিক 'ইমপ্র্যাকটিকাল'— তবে এই দোষের চরম নিদর্শনরূপে যে মানুষটিকে বিধাতাপুরুষ ধরাতলে অবতীর্ণ করাইয়াছিলেন তিনি হইলেন 'মোহনদাস করমচাঁদ গান্ধী'। অবশ্য চরকা প্রসঙ্গেই কথা হইতেছিল, এবং স্বাভাবিক ভাবেই মানুষের বৃহৎ

কল্যাণের আদর্শে শ্রমের মর্যাদা সম্বন্ধে কথা উঠিয়াছিল। তিনি একটি সজোর মুণ্ডাঘাতে বলিলেন, "আজগুবি ভাষা, সব আজগুবি। এই ধর, তোমাকে ভদ্রসমাজে বেরতে হবে, তোমার স্বাভাবিকই ইচ্ছা হবে একটি গিলেকেরা জামা গায় দিয়ে বেরও; তোমার গান্ধিজীর মতে তোমাকে তা হ'লে কি করতে হয়? নিজে জামাটিকে ধোপদুরন্ত ক'রে কাচ (তোমার গান্ধিজী আবার সাবান ব্যবহার করতে দেবেন ত, না আবার ক্ষার তৈরী ক'রে নিতে হ'বে?) তারপরে সারাদিন বসে তাকে গিলে কর, তারপরে বেরও; তবেই হয়েছে, দিন তোমার এই জামা তৈরীতেই চলে যাবে, বেরতে আর হবে না। বলিয়াই তিনি তাঁহার অকাট্য যুক্তির সারবত্তায় বেশ খানিকটা নিশ্চিত হইয়া বসিলেন। গান্ধিজী ত শুধু কাপড়, জামা নিজে কাচিয়া পরিতে বলেন নাই, সম্ভব হইলে নিজের কাপড়, জামা নিজে তৈয়ার করিয়াও লইতে বলিয়াছেন, ততদূর পর্যন্ত শুনিলে বন্ধুবর কি করিতেন জানি না। আমি তর্কে বিরত হইয়া প্রসঙ্গ পরিবর্তন করিয়া লইলাম; কারণ গান্ধীবাদ এবং 'ফিন্‌ফিনে আদির গিলে করা'-বাদ এই দুইটিই যে মূলে পরস্পরবিরোধী এই কথাটা ভাল করিয়া বুঝিবার আগে অন্য পাঁচরকমের তর্ক করিয়া ত কোনও লাভ নাই। যাঁহাকে যথা-সম্ভব স্বাবলম্বী হইতে হইবে তাঁহাকে যথা-সম্ভব আড়ম্বর বর্জিত হইয়া দৈনন্দিন অভাবও অনেক কমাইয়া আনিতে হইবে, আর এই অভাবগুলি যথা-সম্ভব কমাইয়া ফেলিতে হইলেই তাঁহাকে তাঁহার জীবনযাত্রাকেও যে অনেকখানি বদলাইয়া ফেলিতে হইবে।

রবীন্দ্রনাথ মহাত্মাজীর প্রতি গভীর শ্রদ্ধা সত্ত্বেও গান্ধিজীর চরকা-খদ্দেরের বিরুদ্ধে নানা সময়ে প্রতিবাদ জানাইয়া ছিলেন। তাঁহার মুখ্য যুক্তি ছিল

চরকা-খদ্দর মানুষের সৌন্দর্য-বোধেরই পরিপন্থী। এখানেও যে মতান্তর তাহাও আসলে একটি মৌলিক মতান্তর; আসলে রবীন্দ্রনাথ এবং গান্ধিজীর মধ্যে মানস-প্রবণতার মোটামুটি কতকগুলি মিল থাকিলেও এবং উভয়েই উভয়ের প্রতি গভীর শ্রদ্ধাশীল থাকিলেও, তাঁহাদের মৌলিক জীবন-দর্শনের ভিতরে মস্তবড় ব্যবধান ছিল; জীবনদর্শনের ব্যবধানের ফলে উভয়ের সৌন্দর্যবোধও পৃথক ছিল। গান্ধিজী চরকা-খদ্দরকে মানুষের সৌন্দর্যবোধের পরিপন্থী জানিয়া শুধুমাত্র আর্থিক বা সামাজিক বা রাজনৈতিক সুবিধার জন্য কোনও রূপে গলাধঃকরণ করিতে বলেন নাই; তাঁহার যাহা জীবন দর্শন সেই মতে চরকা খদ্দর মানুষের সৌখীন সৌন্দর্যবোধকে না হইলেও বৃহত্তর সৌম্যের উপরে প্রতিষ্ঠিত সৌন্দর্যবোধকে বিকশিত করিয়া তোলে।

বৈদিক যাগ-যজ্ঞকে আমরা যেমন জীবনে সুপ্রসিদ্ধ অনুষ্ঠানের অঙ্গরূপেই তুলিয়া রাখিয়া দিয়াছি, চরকার সূত্র-যজ্ঞকে আমরা প্রায় সেই পর্যায়েই আনিয়া ফেলিতে পারিয়াছি, সুতরাং বিবাদ প্রায় আপনা হইতেই নিভিয়া আসিয়াছে। একটু সক্রিয় ছিল মহাত্মাজীর বুনয়াদী শিক্ষার আদর্শ; সম্প্রতি তাহার বিরুদ্ধে কেহ কেহ কিছু কিছু কড়া মন্তব্য শুনাইয়া দিতেছেন। একজন বলিয়াছেন যে মহাত্মাজীর পরিকল্পিত এই বুনয়াদী শিক্ষার আদর্শ মানুষের সভ্যতা ও সাংস্কৃতির বিরোধী, ইহা মানুষের সভ্যতা-সাংস্কৃতিকে বরঞ্চ পিছাইয়া দিবে। যে যে প্রসঙ্গে তিনি বুনয়াদী শিক্ষা-পরিকল্পনার দোষ দেখাইয়াছেন তাহার সব প্রসঙ্গ উত্থাপন না করিয়া আমরা শুধু তাঁহার মূল দৃষ্টিভঙ্গি সম্বন্ধেই আলোচনা করিতেছি। তিনি যে কথা বলিয়াছেন সে-সম্বন্ধে কথা বলিতে হইলে তাঁহাকে গান্ধিজী প্রবর্তিত

শিক্ষা-ব্যবস্থাকে একটা পশ্চাদাপসারণ-মূলক ব্যবস্থা না বলিয়া বলা উচিত ছিল যে গান্ধীবাদই হইল একটা পশ্চাদাপসারণ-মূলক আদর্শ। কারণ গান্ধিজীর শিক্ষা-পরিকল্পনা তাঁহার জীবন-পরিকল্পনারই অঙ্গীভূত, একটিকে বাদ দিয়া আর একটিকে দেখা কিছুতেই সম্ভব নয়। রাষ্ট্রের তরফ হইতে, বুনয়াদী শিক্ষাকে চালু করিবার এখানে সেখানে যেটুকু চেষ্টা চলিতেছে তাহার ভিতরে একটা অসঙ্গতি আপনা হইতেই আসিয়া পড়িতেছে। কারণ গান্ধিজী যে জীবনবাদের উপরে বুনয়াদী শিক্ষাকে চালু করিবার এখানে সেখানে যেটুকু চেষ্টা চলিতেছে তাহার ভিতরে একটা অসঙ্গতি আপনা হইতেই আসিয়া পড়িতেছে। কারণ গান্ধিজী যে জীবনবাদের উপরে বুনয়াদী শিক্ষাকে প্রতিষ্ঠিত করিতে চাহিয়াছিলেন আমরা সে জীবনবাদের অবস্থাপন্ন নহি; তিনি যে বাস্তব-জীবন পদ্ধতির সহিত বুনয়াদী শিক্ষাকে মিলাইয়া লইতে বলিয়াছিলেন সেই জীবন পদ্ধতির সহিত বুনয়াদী শিক্ষাকে মিলাইয়া লইতে আমরা নারাজ; যে কেন্দ্রীভূত নাগরিক যান্ত্রিক সভ্যতা এবং জীবনযাত্রার তিনি বিরোধী ছিলেন সেই সভ্যতারই অঙ্গে আমরা যদি এখানে সেখানে একটু একটু বুনয়াদী শিক্ষার রঙ ঝালাইয়া দিতে চাই তবে তাহার অসঙ্গতি ত চোখে আঘাত করিবেই।

আসলে শিক্ষাবিদ রূপে গান্ধিজীর বুনয়াদী শিক্ষার যাঁহারা সমালোচনা করেন শিক্ষা-সম্বন্ধে তাঁহাদের ধারণা এবং গান্ধিজীর ধারণা এক নহে। আমাদের কেন্দ্রাভিমুখ নাগরিক জীবনকে মুখ্যত অবলম্বন করিয়া স্কুল-কলেজে পুঁথি-পত্রকে প্রধান উপজীব্য করিয়া যে শিক্ষার ধারণা গড়িয়া উঠিয়াছে গান্ধিজী তাহার বিরোধী ছিলেন। তাঁহার শিক্ষার আদর্শ হইল, একটি মানুষের দেহে ও মনে যে

শক্তি-সম্ভাবনা নিহিত রহিয়াছে তাহার সম্যক স্ফুরণে সাহায্য করিয়া তাহাকে ভবিষ্যৎ জীবনের জন্য ভালভাবে উপযুক্ত করিয়া তোলা। প্রথমেই মনে রাখিতে হইবে, গান্ধীবাদ কেন্দ্রীকরণের বিরোধী; যান্ত্রিক জীবনকে অবলম্বন করিয়া নিরন্তর কেন্দ্রীকরণের ফলে গ্রামগুলি শুকাইয়া গিয়া শহরগুলি ফাঁপিয়া উঠিতেছে। সমগ্র দেশবাসীর দেহমনের কল্যাণের দিকে দৃষ্টি রাখিতে হইলে এই একমুখীন যাত্রার গতি ফিরাইয়া দিতে হইবে এবং গ্রামীণ সভ্যতার উপরেই আমাদের পুনঃ প্রতিষ্ঠিত হইতে হইবে। আমরা যখন শিক্ষার কথা ভাবিব, তখন সমাজের উচ্চস্তরের মুষ্টিমেয় লোকের দেহমনের চাকচিক্যের কথাই ভাবি না, আমাদের ভারতবর্ষের প্রায় সাত লক্ষ গ্রামবাসীদের কথাই মুখ্যতঃ ভাবিতে হইবে। আমাদের জাতিকে নূতন করিয়া গড়িয়া তুলিতে হইলে এই সাত লক্ষ গ্রামের অধিবাসিগণ প্রত্যেকে কি করিয়া দেহমনের সম্যক অনুশীলনের দ্বারা একটি আত্মনির্ভরশীল তাজা মানুষ হইয়া উঠিতে পারে সেই কথা ভাবিতে হইবে, গান্ধিজীর বুনিয়াদী শিক্ষার পরিকল্পনা দেশের এই কোটি কোটি শিশু যুবককে মনে রাখিয়া গড়িয়া উঠিয়াছে। কিন্তু আমাদের অন্যান্য শিক্ষাবিদ যাঁহারা রহিয়াছেন তাঁহারা মাঝে মাঝে এ কথা সে-কথা কিছু কিছু বলিলেও বেশ বোঝা যায় তাঁহাদের মোটামুটি লক্ষ্য এবং চেষ্টা হইতেছে

মানুষ গড়িবার বিরাট বিরাট যে কলগুলি দেশে ইতিমধ্যে চালু হইয়া গিয়াছে তাহাতে কিছু তৈল নিসিক্ত করিয়া তাহার গতিকে আরও কিছু মসৃণ এবং বেগবান করিয়া তোলা যায় কি প্রকারে এবং এই জাতীয় কলের সংখ্যা আরও কিঞ্চিৎ পরিবর্তিত করা যায় কি প্রকারে। প্রচলিত এই মূল দৃষ্টির পরিবর্তন না ঘটিলে পদে পদে বিরোধ ত অপরিহার্য। একই নিঃশ্বাসে কলিকাতা বা বোম্বাইকে কি করিয়া রাতারাতি নিউইয়র্ক বা ওয়াশিংটনে পরিবর্তিত করিব এবং তাহারই ফাঁকে ফাঁকে আবার বাপুজীর চরকা, বুনিয়াদী শিক্ষা এবং রামধন গানকেও কি করিয়া বেমালামু চালাইয়া দিব, এই দুই বাঘে-গরুতে এক ঘাটে জল খাওয়াইবার চেষ্টা করিলে চলিবে কেন?


আমি গান্ধীবাদের পক্ষে কোনও ওকালতি করিতে বসি নাই, বাদান্তরের নিন্দাও কাম্য নহে। সত্যকারের মত যখনই যাহা কিছু প্রচারিত হইয়াছে তখন সেই মত ভুঁইফোঁড় হইয়া কখনও দেখা দেয় না, তাহার আশ-পাশে থাকে জীবন সম্বন্ধে সত্যদৃষ্টির একটি বিরাট পরিমণ্ডল, সেই সমগ্র পরিমণ্ডলেরই যদি পরিপোষণ বা বিরোধিতা করিয়া তাহাকে গ্রহণ বা বর্জন করি তবে আমরা বলিষ্ঠতার পরিচয় দিব; তাহা না করিয়া সেই বিরাট পরিমণ্ডলের এখানকার সেখানকার একটু রঙ রেখা মুছিয়া ফেলিবার চেষ্টায় আমরা পরস্পর পরস্পরের প্রতি অবিচারই করিব।



ব্যর্থ লোকনায়ক

গৌরী আইয়ুব

জয়প্রকাশ নারায়ণ বর্তমান ভারতীয় রাজনীতি-মঞ্চে সবচেয়ে ব্যর্থ নায়ক। অবশ্য তেমন করে দেখতে গেলে সার্থক আর কে? স্বয়ং গান্ধীই বা সিদ্ধকাম হয়েছিলেন কতটুকু? আসমুদ্র-হিমাচল এই ভূখণ্ডের জনগণমন অধিনায়ক অন্তত কয়েক বছরের জন্যেও যদি কেউ হয়ে থাকেন তবে তিনি গান্ধী। অথচ স্বাধীনতার প্রথম কয়েক মাসেই তাঁর রামরাজ্যের চিতা জ্বলতে দেখে গেছেন তিনি এই ভাঙা দেশে সাম্প্রদায়িকতার আগুনে। রাজনৈতিক যে রকম আবহাওয়ার সৃষ্টি হয়েছিল তখন দেশে, যে ধরণের অর্থনৈতিক কাঠামো গড়ে তোলার তোড়জোড় শুরু করেছিলেন নেতারা, রাজধানী- কেন্দ্রিক যে প্রশাসন ব্যবস্থা রাত না পোহাতেই নতুন জাতীয় সরকারেরও আশীর্বাদ লাভ করে ধন্য



হয়েছিল এবং সর্বোপরি যে তৎপরতার সঙ্গে দেশের জন্যে বলিপ্রদত্ত জনসেবকরা সাম্রাজ্যবাদীদের পরিত্যক্ত গদীগুলি দখল করতে পেরেছিলেন— সে-সবের কোনোটিই তো গান্ধীকে আশ্বাস দেবার মতন ছিল না। এমন কি কংগ্রেস নামক যে প্রতিষ্ঠানটি বলতে গেলে একরকম তাঁরই হাতে গড়া, সেই কংগ্রেসের স্বাধীনতা-পরবর্তী কালে কী কর্তব্য হবে বা কেমন রূপ হবে সে বিষয়েও তো তাঁর ইচ্ছার ও নির্দেশের মর্যাদা রক্ষা করেননি তাঁর স্নেহপুষ্ট অনুজ নেতারা। অথচ ভারতবর্ষের জনমানসে একদা গান্ধীর প্রভাব মহাবীর কিংবা বুদ্ধের প্রভাবের চেয়েও বিস্তৃততর ছিল না কি? কিন্তু সে প্রভাবের গভীরতা যে আ-ত্মক মাত্র তা তো গান্ধী স্বচক্ষেই দেখে গেছেন মৃত্যুর পূর্বে।

স্বাধীন ভারতের সরকারী নীতি হিসেবে গান্ধীবাদের মৃত্যু গান্ধীর মৃত্যুর পূর্বেই ঘটেছিল। তাই বলা অসঙ্গত হবে না যে গান্ধীর চেয়ে শক্তিমান ও সার্থকতর জননেতাও এদেশে বিশেষ জন্মাননি, আবার তাঁর নেতৃত্বের ব্যর্থতারও তুলনা নেই। ব্যর্থতার পরিমাপ তো আমরা প্রত্যাশার অনুপাতেই করব! রাজনৈতিক অর্থনৈতিক সর্বোপরি নৈতিক কী সর্বব্যাপী বিপ্লবের কথাই না চিন্তা করেছিলেন গান্ধী এবং এতবড় অভূতপূর্ব পরিবর্তন ঘটাতে চেয়েছিলেন বিনা রক্তপাতে। তাঁর সেই প্রত্যাশার এক কড়াও পূর্ণ হয়নি আজো, আমাদের জীবদ্দশায় হবে এমন কোনো লক্ষণও নেই। স্বাধীনতার জন্যে আন্দোলনকে এক অভিনব হাতিয়ার দিয়ে তাঁকে কতক পরিমাণে তাঁর মনের মতন একটা রূপ দিতে পেরেছিলেন বটে কিন্তু দেশকে তাঁর পরিকল্পিত কোনো রূপ দিয়ে যেতে পারেননি— কেবল সাড়ে পাঁচ মাস নয়, আরো সাড়ে পাঁচ বছর বেঁচে থাকলেও পারতেন কিনা সন্দেহ। তবে কি বলব সত্যগ্রহের নগুর্ধক শক্তি যতখানি সদর্ধক শক্তি ততখানি নেই? বলা হোত সত্যগ্রহ শোষণ-পীড়নকে নাশ করে, শোষণ-পীড়ককে নয়।

কিন্তু কার্যত দেখছি সাম্রাজ্যবাদী শোষণ পীড়নকে সহজ-নিরীক্ষ্য যন্ত্রটিকে বিকল করে দেবার ব্যাপারে সত্যগ্রহের যদি বা কিছু করণীয় থাকে, সমাজের সর্বস্তরে রক্তে রক্তে বহুদূর ছড়িয়ে পড়া শোষণ ও পীড়নের সহস্রমুখী সূক্ষ্ম ও দুর্নিরীক্ষ্য শিকড়গুলিকে নিঃশেষে উপড়ে আনা সত্যগ্রহেরও কাজ নয়, রক্তক্ষয়ী বিপ্লবের তো নয়ই। আর বিকল্প কোনো সমাজবিন্যাস গড়ে তোলার ব্যাপারে যে প্রায় কোনো প্রেরণাই জেগাতে পারে না গান্ধীবাদ সে তো আমরা ত্রিশ বছর ধরেই দেখে চলেছি। অর্থাৎ গান্ধীর ঋণাত্মক ভূমিকা যদি বা কিছু ছিল, ধনাত্মক ভূমিকা কি শূন্যের কাছাকাছি নয়? ব্যবহারিক সার্থকতা যদি কোনো ‘বাদ’-এর ব্যর্থতা-সার্থকতার মাপকাঠি হয়, হবে নাই বা কেন, তাহলে গান্ধীবাদ বিষয়ে উল্লিখিত সিদ্ধান্তে ত্রুটি কোথায়?

তুলনায় জয়প্রকাশের ব্যর্থতা প্রায় জীবনব্যাপী। মানুষ হিসেবে তিনি উত্তরোত্তর যত মহত্ত্ব অর্জন করেছেন, তাঁর রাজনৈতিক বোধ ও দৃষ্টি ক্রমে যত গভীর ও ব্যাপ্ত হয়েছে, জননেতা হিসেবে ততই তিনি কম আকর্ষক হয়েছেন বলে আমার বিশ্বাস। ১৯৭৪-৭৫ সালের গণ আন্দোলন, যার পরিণতি সাম্প্রতিক জরুরি অবস্থা— তার উল্লেখ করে কেউ হয়তে আমার এ মন্তব্যের প্রতিবাদ করতে পারেন। বলতে পারেন যে সে-দিন সহস্র সহস্র লোক পথে এসেছিল জয়প্রকাশেরই আহ্বানে। কিন্তু ইতিমধ্যে সকলেই নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে তাৎক্ষণিক এবং উত্তেজক এইসব আন্দোলন, সভা, শোভাযাত্রা, আইন অমান্য ইত্যাদি কর্মে যারা যোগ দিয়েছিল তখন, তারা সবাই এখন কেমন বধির হয়ে রয়েছে জয়প্রকাশের আসল কর্মপরিকল্পনায় যোগ দেবার আমন্ত্রণে। ক-টি লোকসমিতি গঠন করা হয়েছে অদ্যাবধি? স্থানীয় বা জাতীয় ক-টি সমস্যা নিয়ে সাহিত্যকারের গঠনমূলক কাজ শুরু হয়েছিল সেদিন অথবা শুরু হবার সম্ভাবনা

দেখা যাচ্ছে আজ? এর কারণ, সীমিত রাজনৈতিক কর্ম থেকে বৃহত্তর সাংস্কৃতিক ক্ষেত্রে ব্যক্তিগত ভাবে তাঁর উত্তরণের সঙ্গে সঙ্গে সমস্ত দেশের মানুষেরও তো উত্তরণ ঘটেনি। দেশের রাজনৈতিক চিন্তা তো সমান বেগে পরিণতি লাভ করেনি। ফলে ১৯৪২ সালে যাঁরা তাঁর সহকর্মী অনুগামী ছিলেন শুধু তাঁদেরই নয়, যাঁরা তাঁর তীব্র সমালোচক ছিলেন তাঁদেরও অনেক পিছনে ফেলে তিনি চলে এসেছেন পরবর্তী ১৫ বছরে। আবার ১৯৬৪-তে যাঁরা তাঁর সহগামী ছিলেন ১৯৭৪-এ তাঁরাও বিচ্ছিন্ন হয়ে পড়েছেন জয়প্রকাশের রাজনৈতিক সঙ্গ থেকে। ফলে রাজনীতির ক্ষেত্রে তাঁর শত্রু-মিত্র অনেকেই বেশি দিন তাঁর নাগাল পাননি, তাঁর

সঙ্গে পা মিলিয়ে চলতে পারেননি। অগত্যা তাঁকে নীতিভ্রষ্ট, বহুধর্মপী, সুবিধাবাদী, অস্থিরচিত্ত ইত্যাদি গালি দিয়ে নিজেদের বিবেককে শাস্ত রেখেছেন। অর্থাৎ রাজনৈতিক বোধ ও পরিকল্পনার যেন



ক্রমবিকাশ নেই। যেন অনড় অচল হয়ে এক জায়গায় দাঁড়িয়ে থাকতেই রাজনৈতিক সততার পরাকাষ্ঠা।

মার্কস প্রদর্শিত পন্থায় যত দূর অগ্রসর হওয়া যায় তার সীমা প্রত্যক্ষ করে যদি কেউ সেই পথ পরিত্যাগ করে সর্বোদয়ের পথে আরও মৌলিক পরিবর্তনের প্রত্যাশায় এবং অবশেষে সে পথেও যথাস্থানে পৌঁছবার বিলম্ব দেখে নতুনতর পথের সন্ধান করতে থাকে তবে যে সে ব্যক্তি বহুলোকের সন্দেহভাজন হবে এবং অনাস্থা অর্জন করবে এতে আর আশ্চর্য কি? কারণ এ জাতীয় মানুষ আমাদের পক্ষেবেশ দুর্বোধ্য বই কি!

জয়প্রকাশের প্রতি শ্রদ্ধা নিবেদন করেই জনৈক অনুরাগী অল্পকাল পূর্বে লিখেছেন : His call for struggle against basic maladies of our society has received a tremendous response from the people. In his exhortations they find the expression of their feelings and aspirations. His optimistic assertion for total revolution and building up a new social order radiates hope and enthusiasm to the oppressed.

জয়প্রকাশের কীর্তির এই মূল্যায়ণ বড় করণ, তাঁর পক্ষেও, আমাদের পক্ষেও। আমাদের মৌলিক

সব সমস্যা সমাধানের কাজে জয়প্রকাশের আহ্বানে নাকি বিপুল সাড়া পাওয়া গেছে! হায় ঈশ্বর! ভগ্ন পরিত্যক্ত এই মানুষটির প্রতি এ যেন পরিহাসের মতন শোনায। তাঁর বাণীতে তাদের আশা আকাঙ্ক্ষার উচ্চারণ শুনবার মতন



কান বা মন যদি সত্যিই তৈরি থাকত তাঁর দেশ-বাসীর, তবে চতুর্দিকে এই নিরুপায় আত্মসমর্পণ কেন?—কোথাও জনতা রাজের উচ্ছৃঙ্খল পায়ে কোথাও বা মার্কসীয় রাজের নির্মম হাতে! সর্বাঙ্গিক বিপ্লবের, নতুন সমাজ ব্যবস্থার যে স্বপ্ন তিনি দেখেছেন তাতে যদি আমরা সত্যিই আশাবিত্ত হতাম, উদ্দীপিত হতাম—তবে এই নিঃসঙ্গ অবহেলিত পুরুষ অমূল্য এই শেষ ক’টি দিন পাটনার এক কোণে পড়ে থাকতেন না, দেশের ঠিক কেন্দ্রবিন্দুতে তাঁর স্থান হত। যা হওয়া উচিত ছিল, যেমনটা হলে দেশের মঙ্গল হত, তা হয়েই গেছে অর্থাৎ সে বিষয়ে আর কিছু করণীয় বাকি

নেই— এমন ভয়ানক আত্মসম্বন্ধি আমাদের সর্বনাশের পথ আরও প্রশস্ত করে দেয়। বরং স্বীকার করা ভালো নয় কি যে জয়প্রকাশ ব্যর্থ হয়েছেন— আমরা আজো তাঁর পথে চলবার উপযুক্ত হয়ে উঠিনি!

ইতিপূর্বে উদ্ধৃত জনৈক অনুরাগীর বক্তব্য আরো একটুখানি উদ্ধৃত করি : J. P. has been essentially a man of action. But in the realm of ideas he has always been an explorer of truth. In his zeal to fathom new horizons one finds sometimes contradictions in his ideas. But there is unique coherence in his thought and it seeks a positive goal to usher in a new era free from oppression and exploitation.

এই উদ্ধৃতির প্রথম বাক্যটির দিকে দৃষ্টি আকর্ষণ করছি। জয়প্রকাশ কি মূলত কর্মী পুরুষ? তাঁর রাজনীতিতে দীক্ষা ও পরিণমন (maturation) কর্মের ভিতর দিয়ে; শিল্প শ্রমিক রেলওয়ে শ্রমিক কৃষিজীবী— সব শ্রেণির শোষিত মানুষের মধ্যেই তিনি তাঁর কর্মক্ষেত্র খুঁজে নিয়েছেন সারা জীবন ধরে। পথ ভ্রান্ত ছাত্র সমাজ, সংশয় পীড়িত বুদ্ধিজীবী সম্প্রদায়ও সেই কর্ম ক্ষেত্রের বাইরে থাকেনি। কিন্তু কোনো ক্ষেত্রেই যে তিনি স্থির হয়ে থাকতে পারেননি, এমনকি কখনও কখনও যে কোনো কোনো আন্দোলনকে তুঙ্গে তুলে এনে বলতে গেলে প্রায় পশ্চাদপসরণই করেছেন এবং করে অশেষ নিন্দাভাজন হয়েছেন, তার কারণ কি? আমার মনে হয় যে কোনো কর্মোদ্যোগ যদি ক্রমশ বৃহত্তর ক্ষেত্র উদ্ঘাটন না করে, গভীরতর উপলব্ধির পথ প্রশস্ত না করে, তবে সেই সব সীমিত আন্দোলন, কয়েক টাকা মাইনে বা মাগ্গী ভাতা বাড়াবার ‘বিপ্লব’ কিংবা কয়েক বিঘা জমি আদায় করবার ‘বিপ্লব’ বেশি দিন তাঁকে ধরে রাখতে পারে না। বস্তুত এ-সব আন্দোলনও তাঁর দৃষ্টিকে ছোট ছোট

সমস্যায় সীমিত করে রাখতে পারেনি— বরং দ্রুত কোনো বৃহত্তর ক্ষেত্রে ব্যাপ্ত হবার উপলক্ষ্য সৃষ্টি করে দিয়েছে। সংস্কার, সংগঠন, আন্দোলন— এইগুলি তাঁর কাছে উপেয় হয়ে উঠতে পারেনি— উপায় মাত্রই রয়ে গেছে, যা রওয়াই উচিত। কারণ এ জাতীয় নানা রাজনৈতিক কর্মের সঙ্গে যখন যুক্ত থেকেছেন তখনও চিন্তা থেকে তো অবসর নেননি তিনি চিন্তা করে গেছেন, ছোট ছোট অভিজ্ঞতাগুলিকে বৃহত্তর পরিপ্রেক্ষিতে রেখে দেখেছেন। বরং কর্মের সঙ্গে এমন প্রত্যক্ষভাবে যুক্ত থাকার ফলে তাঁর চিন্তা শক্ত মাটির মধ্যে তার শিকড় চালিয়ে যেতে পেরেছে, বায়বীর কল্পনার ফানুসে পরিণত হয়নি তাঁর পরিকল্পনাগুলি।

কর্মী মানুষ এবং চিন্তক মানুষের মধ্যে বিরোধ কল্পনা আমাদের এমন মজ্জাগত হয়ে দাঁড়িয়েছে যে আমরা প্রায়ই বলে থাকি, অমুক হলেন তাঁদের দলের থিয়োরিটিশিয়ান— অর্থাৎ দলের মস্তিষ্ক, তত্ত্ব নিয়েই যার কারবার। অবশ্য দলের মধ্যে মস্তিষ্কের সংখ্যা যতই বাড়তে থাকে ততই অন্তর্বিরোধ, মাথা ফাটাফাটি, দল ভাঙাভাঙিও বাড়তে থাকে। তাই প্রত্যেক দলনেতারই চেষ্টা থাকে মাথার সংখ্যা কমিয়ে হাত পায়ের সংখ্যা বাড়ানোর— অর্থাৎ ঐ পার্টির ওয়ার্কারদের সংখ্যা বাড়ানোর। অবশ্যই মাথাই যে সব অবস্থায় নেতৃত্ব করবে এমন না-ও হতে পারে। মাথার কাছ থেকে পরামর্শ নিয়ে সে কাজ করতে পারে অন্যশ্রেণীর জবরদস্ত মানুষও। তবু মাঝে মাঝেই এই ধরনের একটা শ্রেণীবিভাগ রাজনৈতিক দলে দেখা যায়, একদল কর্মী আরেক দল ভাবুক। থিয়োরীর আর প্র্যাকটিসের মধ্যে বিচ্ছেদ যারা তত্ত্বগতভাবে স্বীকার করে না তাদের মধ্যেও এই শ্রেণীভাগ লক্ষ্য করা যায়। তবু বলব মানুষের সমাজে রাণী মৌমাছি কি মজুর মৌমাছির মধ্যে সরল রেখায় জাতিভেদ করে ফেলাটা বিপজ্জনক। মস্তিষ্কহীন পেশীসর্বশ্ব মানুষ আর দুর্বলপেশী মস্তিষ্কময় মানুষ— এইরকম অবিমিশ্র

দুইজাতের মানুষ নিয়ে আমাদের সমাজ নয়। বরং অধিকাংশ মানুষই আমরা মিশ্র শ্রেণীতে পড়ি। পড়াই ভালো। এবং ব্যক্তিত্ব গঠনের শিক্ষার যদি সত্যিই কোনো ভূমিকা থাকে তবে মিশ্র সুখম মানুষ গড়তে চেষ্টা করাই উচিত।


কিন্তু আমি একথা বলব না যে মানুষে মানুষে তফাৎ নেই বা থাকবে না। কিছু কিছু মানুষ তত্ত্বে বেশি পারঙ্গম হবেন চিরকালই এবং অন্য কিছু কর্মে বেশি বলীয়ান হবেন। তবে আমি যে তৃতীয় মিশ্র শ্রেণীর উল্লেখ এইমাত্র করলাম তাদের মধ্যেও অসাধারণ কিছু ব্যক্তিত্ব কচিৎ দেখা যায়। এঁদের চিন্তাও যেমন স্বচ্ছ ও বলিষ্ঠ, কর্মেও এঁদের তেমনি আগ্রহ ও দক্ষতা। আমাদের আশেপাশে যেসব 'Political being' দেখতে পাই তাঁদের মধ্যে পান্নালাল দাশগুপ্ত এইরকম মানুষ।

আমার মনে হয় জয়প্রকাশকেও কর্মের স্থলচর বা চিন্তার নভোচর জাতীয় প্রাণী জ্ঞান না করে, উভচর শ্রেণীর মানুষ মনে করা সম্ভব। উভয় তলেই এই শ্রেণীর মানুষ স্বচ্ছন্দ বিহারী। জয়প্রকাশ একই সঙ্গে man of action এবং man of contemplation বলে আমার বিশ্বাস, বরং তাঁর স্বভাবের পান্নায় contemplation-এর দিকটাই বোধ হয় একটু ভারী। তাঁর রাজনৈতিক নিঃসঙ্গতা ও ব্যর্থতার কারণও সম্ভবত চিন্তার দিকে তাঁর এই ঝোঁক। কর্মী মানুষকে এক ঠাঁই আঁকড়ে দাঁড়িয়ে কাজ নিয়ে পড়ে থাকতে হয়, চিন্তককেই মানায় সত্যের পূর্ণতর রূপের সন্ধানে অবিরত চলা। এই নিরুদ্দেশ যাত্রায় সঙ্গী পাওয়াও যেমন সহজ নয়, সার্থকতার কোনো স্পষ্ট চেহারাও ধরা যায় না সহজে।



টলস্টয়-গান্ধী : নান্দনিক ভাবনা

সনীল বিশ্বাস



নান্দনিক ভাবনা-মাননার প্রেক্ষিতে টলস্টয় এই জানিয়েই তাঁর অভিমত ব্যক্ত করেছেন যে আর্ট একটি বিশিষ্ট এবং পরম প্রাণিক সামাজিক কর্ম-কৃতি। তাঁর জীবন-সত্যের নানান অভিজ্ঞতার মূল্য এবং মানসিক অনুভব, অনুভাবন, উপলব্ধি আর প্রত্যয়ের আন্তর প্রবনতায় তিনি এই সত্যিই অর্জন করেছিলেন যে আর্ট-এর ভেতর দিয়েই সমাজ-মানসের সংস্বে ব্যক্তি-মানসের নিবিড় মেলবন্ধন গড়ে উঠে মানবতা-বোধের সুদৃঢ় বনিয়াদ রচনা করে। শিল্পী তার জীবন-ধর্মে স্বভাবতই সামাজিক মানুষ বলেই তিনি মনে করেন যে সমাজ-জীবনে শিল্পীর একটি বিশিষ্ট স্থান এবং প্রয়োজন রয়েছে আর সমাজ ও মানবতায় সেবার ভেতর দিয়েই সেই প্রয়োজন সাধন সার্থক হয়ে ওঠে। তাঁর নান্দনিক মননায় আর্ট মানবতার মংগল-যাত্রার প্রাণিক বাণীই বহন করে এবং এই মানবতার মাংগল যাত্রার সার্থকতা-অসার্থকতার প্রেক্ষিতে আর্ট-এর উত্তরণের বিচারই আর্ট-এর শুদ্ধতর এবং সত্যতর বিচার বলেই তিনি মনে করেন।

টলস্টয়ের নান্দনিক অভিধায় আর্ট কোন অর্থেই শিল্পী-আত্মার সঞ্চিত নিরঙ্ক শক্তি কিংবা ভাব-সম্ভোগের রূপম প্রকাশ নয় এবং আর্ট-এর নিঃশর্ত সৌন্দর্য আর আনন্দ অর্হণাও তাঁর কাছে

রুচি-বিকৃতি এবং অভিজাত শ্রেণির স্বার্থক্লিষ্ট বাসনা-বিলাস বলেই মনে হয়েছে। তাই তিনি আর্ট-এর আনন্দবাদ-তত্ত্বের নির্মম বিরোধিতা করেছেন। তিনি বলতে চেয়েছেন যে আর্ট-এর আনন্দময় হৃদয়ানুভূতি মানবতার যাত্রাকে নিত্য শ্রেয়ের পথে প্রাণিত না করলে আর্ট-এর মৌলিক এবং নিহিত তাৎপর্যই আর রইল না। এই নান্দনিক মননার প্রেক্ষিতেই তিনি বলেছেন যে “Art is not, as a metaphysician says, the manifestation of some mysterious idea of Beauty of God, it is not, as the Hsethical physiologists say, a game in which man lets off his excess of stored-up energy; it is not the expression of a man’s emotions by external signs; it is not the production of pleasing objects; and above all, it is not pleasure; but it is a means of union among men joining them together in the same feelings, and indispensable for the life and progress towards well-being of individuals and of humanity.”

সুতরাং আর দুর্বোধ্য থাকছে না যে আর্ট অর্থে টলস্টয় এমন একটি ‘বৃত্তির’ সত্যিই বুঝতেন এবং বোঝাতে চেয়েছেন যে ‘বৃত্তি’ সামাজিক এবং মানবিক জীবনে মানুষের ভেতর বাইরের সব বাধা-ব্যবধান সরিয়ে এক সার্বিক কল্যাণময় মৈত্রীর আত্মকতায় সকল মানুষকে প্রাণিত করবে এবং সেই ঐক্যাত্মের উদ্বোধনায় নিখিল মানব চিরন্তন মংগলের অনির্বাদ অভিসংগরী হয়ে উঠবে। এই ভাবনা থেকেই তিনি বলেছেন যে “Art, all art, has this characteristics that it unites people. Every art causes those to whom the artist’s feeling is translated to unite in soul with

the artist and also with all who receive the same expression”. এবং “If people lack this capacity to receive the thoughts conceived by the man who preceeded them, and he pass on to others their own thoughts, men would be like wild beasts or like Kashar houser.”

মানব-সভ্যতার অগ্রসরতা এবং তার জায়মান সাংস্কৃতিক চেতনার প্রেক্ষিতেও টলস্টয় আর্ট-এর ভাব সক্রিয়তার কথা ভেবেছেন এবং এই সত্যি উপলব্ধি করেছেন যে মানবসভ্যতার বিকাশ এবং উন্নতির ক্রম-ধারায় হিংস্র আরণ্যক জীবন এবং মানস চর্যার সংঘর্ষ আর হিংসাত্মক ভাবাবেগ পুঞ্জের সাম্য এবং অহিংসার পরিণতি পেয়ে মানব-জীবন এবং সমাজ-সংস্থিতির স্থায়িত্ব প্রতিশ্রুত করে তোলবার মতনই আর্ট অধিকতর মৈত্রী আর প্রেমের আন্তর আবেদনে অধিকতর সংখ্যক মানুষকে কল্যাণময় মেলবন্ধনে প্রাণিত করে মানুষের শাস্ত্র মংগল চেতনা প্রসারিত করতে পারলেই আর্ট-এর সিদ্ধি। তাই তিনি বলেছেন যে “Art as the evolution of Knowledge proceeds by truer and more necessary Knowledge dislodging and replacing what is mistaken and unnecessary so the evolution of feeling proceeds through art— feelings less Kind and less needful for the well-being of mankind are replaced by other kinder and more needful for that end. That is the purpose of art.”

আর্ট-এর এই স্ব-ভাবিত গুণ-বৈশিষ্ট্যের প্রেক্ষিতে টলস্টয় বিভিন্ন দেশ এবং জাতির শিল্প-কৃতির মানব কল্যাণের নির্নিত উপযোগিতার কথা ভেবেছেন এবং এই অর্থেই Christian Art-ই

তাঁর কাছে অধিকতর সার্থক বলে মনে হয়েছে। তিনি অনুভব করেছেন যে Christian Art-মানুষের মনে ঐশ্বরীর তদগতচিত্ততার গভীর ভাব-প্রবণতা সৃষ্টি করে এক প্রশান্ত আন্তর প্রীতির উৎসারণায় সব ভেদ-মলিনতা মুছে দিয়ে সহজ ছন্দেই ব্যক্তি এবং সমাজের আত্মিক মিলন অনিবার্য করে তোলে।

এই নান্দনিক ভাবনা থেকেই টলস্টয় বলেছেন যে আর্ট-এর সার্থক উত্তরণ তিনটি বিশেষ গুণের উৎকর্ষতার ওপর নির্ভর করে। এই তিনটি গুণের প্রথমটি এই যে আর্ট ব্যঞ্জিত সঞ্চরক ভাবটি গভীর-স্ফূর্ত হয়েই প্রকাশিত হবে। আর্ট-এর সাহায্যেই ব্যক্তি-বিশেষ অন্য মনে তার অনুভূত ভাব-সম্মেগ সঞ্চরিত করে বলেই রচিত আর্ট-এ এই সঞ্চরক ভাব সম্মেগটি গভীর এবং নিবিড় স্ফূর্ততায় প্রকাশিত হওয়াই জরুরি। এবং তা না হলে এই ভাব-সম্মেগটি অন্য মনে সহজে এবং স্বচ্ছন্দে সঞ্চরিত হয়ে তার আত্ম-জাগরণের সহায়ক হতে পারবে না। টলস্টল ভাবিত দ্বিতীয় গুণটি এই যে আর্ট যত বেশি মানুষের মধ্যে তার প্রকাশিত ভাব-ব্যঞ্জনাকে সঞ্চরিত করতে পারবে এবং সে-আর্ট যত বেশি মানুষ সহজে বুঝতে পারবে ততই তার উৎকৃষ্টতা প্রমাণিত হবে। এবং শেষ গুণ-টি সম্পর্কে তিনি বলছেন যে সেই আর্ট-ই অধিকতর সত্য এবং উৎকৃষ্ট যে আর্ট-এ মানুষকে সহানুভূতি এবং প্রেমে একত্রিত করার সাবলীল এবং প্রাবণিক ভাব-সম্মেগ ব্যঞ্জিত হয়।

আর্ট-এর সার্থকতার এই ভাবনা-প্রেক্ষিতেই Christian Art-এর উত্তরণ প্রসঙ্গে তিনি বলেছেন যে এই আর্ট-ঘরানার যে-সব ছবিতে নগ্না রমনীর মোহিনী মূর্তি কিংবা অভিজাত শ্রেণির সম্পদ-প্রাচুর্যের বিলাস-ব্যসন অথবা প্রামোদিক অবসর বিনোদনের বর্ণিত ভাব-রাগ চিত্রিত হয়েছে বা যে-সব ছবি তার অভিব্যক্তিতেই কামনা জাগিয়ে তোলে কিংবা যে-সব

ছবি রূপক-প্রতীকের তত্ত্বার্থে সাংকেতিক এবং অতি-অল্প জনই যার ভাব-ব্যঞ্জনা অনুধাবন করতে পারে— তা স্বভাবতই নিম্নমানের ছবি। এবং এই অর্থেই টলস্টয় বীটোফেন, শিয়ামান, বেল্লোজ আর ভাগনার রচিত সব নাট্যগীতিকেই নিম্নমানের আর্ট বলে অভিহিত করেছেন। তিনি এই সত্যিই বোঝাতে চাইছেন যে এই সব নাট্যগীতি কোন আত্ম-জাগরিক উচ্চ ভাব ব্যঞ্জিত করে না এবং মানুষের মনে আন্তর মৈত্রীর প্রেরণাও সঞ্চরিত করে না। আর ‘ninth symphony’ কিংবা ‘unfinished symphony’-র মতন আর্ট খুব সীমিত সংখ্যক মানুষই বুঝতে পারেন। মানুষকে মৈত্রী এবং প্রেমের ধর্মে প্রাণিত এবং মংগলের অভিসারী করে তোলবার মতন সঞ্চরক ভাব-সৃষ্টিতে এই সব আর্ট সার্থক নয়।

টলস্টয় মনে করেন যে শিল্পী-কবির খ্যাতির প্রেক্ষিতে তাদের আর্ট-এর বিচার উচিত নয়। কোনো আর্ট-এর বিচার কল্পে তিনি এই মান-ই ব্যবহার করতে চান যে সে-আর্ট কত উচ্চবোধির ভাব এবং প্রবণতায় কত বেশি মানুষকে মৈত্রী-মস্ত্রে উদ্বোধিত করতে পারে। অবশ্যি এই ভাবনাবোধ-ই টলস্টয়ের নান্দনিক বিচিন্তার সামগ্রিক প্রস্থানভূমি রচনা করেছে এবং এই শিল্প-প্রবণতা থেকেই তিনি শেক্সপীয়ার-এর অধিকাংশ নাটকেই নিম্ন মানের আর্ট হিসেবে অভিহিত করেছেন। তিনি বলেছেন যে ‘রোমিও-জুলিয়েট’-এর রস-ব্যঞ্জনা কোনো মানুষকেই পবিত্র প্রবণতায় প্রাণিত করে না। তিনি পরিষ্কারই বলছেন যে সাম্প্রতিক মানুষ মহান খ্রিস্টের নির্দেশ অনুসারে প্রতিজন মানুষকেই ভ্রাতৃ প্রেমে আত্ম-অবিচ্ছিন্ন মনে করতে পারেন না বলেই আজকের পৃথিবী এমন ‘হিংসায় উন্মত্ত’ এবং তার জীবন ধারায় ‘নিত্য নিষ্ঠুর দৃশ্যত সমস্ত সংকীর্ণতা এবং ভেদ-বিচ্ছিন্নতা সত্ত্বেও মানুষের সভ্যতা এবং জীবনের উদ্দেশ্য একই এক

এবং সমন্বয়ের পরম লক্ষ্যে চলছে এবং তাই যে আর্ট এই চলিষ্ণুতা-সম্পূরণের সহায়ক নয়— কোন অর্থেই সেই আর্টকে তিনি সার্থক-সিদ্ধ আর্ট হিসেবে স্বীকৃতি দেন না। এবং এই জনেই টলস্টয় শিল্প-দর্শনের আনন্দবাদী অভিমত-অভিধাকেও স্বীকার করেন না। তিনি তাই বলেন যে সৌন্দর্য আনন্দ সৃষ্টি এবং প্রকাশ আর্ট-এর পরম লক্ষ্য নয়— পবিত্রতা এবং সাধুতাই তার প্রাণ ধর্ম। তাঁর অভিমত এই যে “People have now only to reject the false theory of ‘Beauty’, according to which enjoyment is considered to be the purpose of art, and religious perception will naturally take its place as the guide of art of our time.” শুধু মাত্র অনিন্দ্য-অনির্বচনীয়তা এবং সুন্দরের উপাসক নিরুপাধিক সৌন্দর্য-আনন্দ ব্যঞ্জক আর্ট-কে তীব্রতম ভাষায় সমালোচনা করে টলস্টয় বলছেন যে “The art of our time and of our circle has become a prostitute and this comparison holds good even in minute detail. Like her it is not limited to certain times, like her it is always adorned, like her it is always saleable and like her it is enticing and ruinous.”

এই নান্দনিক অনুভাবন থেকে টলস্টয় এই সত্যিই বোঝাতে চেয়েছেন যে মানুষের মহৎ ভাবের আর্ট-ই শ্রেষ্ঠ এবং পরম প্রাবনিক। তিনি মানেন যে একমাত্র মহৎ ভাবই মানবিক মনকে প্রসারিত এবং মৈত্রী-প্রাণিত করতে পারে এবং এই সত্যেরই স্বার্থিক উত্তরণ-উপায় হিসেবে আর্ট-এ সেই ভাবই ব্যঞ্জিত হওয়া জরুরি যে ভাব সমস্ত সংকীর্ণতা এবং সীমা-ভেদ নিশ্চিহ্ন করে মানুষকে সহযোগিতা আর প্রেমের ভাব-মাধুর্যে প্রবুদ্ধ করে কল্যাণ পথ-যাত্রী

করে তোলে। মানুষ তার অনাত্মসমাহিত সীমিত বোধ এবং বোধিতে যে আদর্শ যথার্থ অনুধাবন-অনুসরণ করতে ব্যর্থ হয়— সেই পরম আদর্শকেই শৈল্পিক সৌম্য এবং রস-ব্যঞ্জনার নিবিড় অনুভূতিতে অন্য-মনে সঞ্চারিত করতেই আর্ট-এর পরম সার্থকতা বলে তিনি মনে করেন। তাঁর উপলব্ধি এবং বিচারে শেক্সপীয়ার এবং বিটোফেনের শিল্পে আর্ট-এর এই পরম অভিহিত সিদ্ধ হয়নি বলেই তিনি তার অ-গুণবাচকতার কথা বলেছেন এবং এমন কি তিনি তাঁর ধর্মানুভাবনা-প্রাণিত ‘Resurrection’ উপন্যাসটিকেও অসার্থক এবং নিম্নমানের শিল্প রূপে অভিহিত করেছেন। তিনি বলছেন এই যে “Resurrection’ উপন্যাসটি পড়ার সুযোগ-বঞ্চিত কোনো মানুষই এই রচনা থেকে ‘উপদেশ’ পাবে না। সুতরাং ভাব-সঞ্চারক আর্ট হিসেবে ‘Resurrection’ অসার্থক।

টলস্টয়ের নান্দনিক প্রত্যয় এই যে ‘সব মানুষই ভগবানের সন্তান এবং অচ্ছেদ্য আত্মিক বন্ধনে আবদ্ধ’— এই ধারণার ওপরেই সার্থক আর্ট-এর প্রেরণা নির্ভর করছে। এবং তিনি এ-ও বলছেন যে এইভাব এবং ভাবনা প্রাণিত আর্ট-ই ভবিষ্যতে নিখিল মানব সমাজের কল্যাণ প্রতিশ্রুত করবে। সাম্প্রতিক আর্ট সম্পর্কে তাঁর ধারণা এই যে এই আর্ট কেবল কিছু বিশেষ রুচিশীল মানুষই বুঝতে পারেন এবং এ-আর্ট সম্প্রদায় বিশেষের মনোরঞ্জনার্থেই রচিত আর তাই এই আর্ট শেখার জন্যে বিশেষ কিছু শিল্প কৌশলে সিদ্ধ হয়ে উঠার প্রয়োজনীয়তা রয়েছে। কিন্তু তাঁর ধ্যান-প্রত্যাশার উচ্চারণ এই যে মানব-সভ্যতার এবং সংস্কৃতির উন্নততর দিনে পৃথিবীর সব মানুষই শিল্পী হয়ে উঠবে এবং আর্ট-এর চলতি দিনের তথাকথিত শিল্প-কৌশল শেখারও কোন দরকার করবে না। কারণ এই যে সেই শিল্পীদের আর্ট কোন বিশেষ রুচির এবং মানসিকতার ব্যক্তি-সম্প্রদায়ের

মনোরঞ্জনার্থে রচিত হবে না। মানব সভ্যতা এবং সংস্কৃতির সেই উন্নততর দিনের শিল্পী-ব্যক্তিত্বেরা বুঝবেন যে বিশ্ব-নন্দিত কোন ‘Masterpiece’ কিম্বা ‘Great Novel’ রচনার চেয়ে আর্ট হিসেবে একটি প্রাণন সঙ্গীত বা সুন্দর রূপকথা রচনার মূল্য অনেক বেশি। তাঁর ভাষায় “The artist of the future will understand that to compose a fairy tale, or a little song which will touch a lullaby or a riddle which will entertain, a jist which will amuse, or to draw a sketch which will delight dozens of generation of millions of children and adults is incomparably more important and more fruitful than to compose a novel or a symphony, or paint a picture which will divert some members of the wealthy classes for a short time, and then be forever forgotten.”

এমনিতর কোন ভবিষ্যৎ বাণীর সাবলীলতায় তাঁর নান্দনিক ভাবনা-মননার ইতিচ্ছেদ সমাপিত না হলেও টলস্টয়ের নান্দনিক দর্শনের সাথে গান্ধীজির অন্তর-মিলও দুর্বোধ্য নয়। গান্ধীজির দার্শনিক অভিধায় মানুষের সব মহৎ কর্মাভিধাই জীবন-সত্য এবং উপলব্ধির একটি গভীর সংগতি এবং সমন্বয়ের ভেতর দিয়ে সমগ্র মানবতাকেই পরম উত্তরণে পৌঁছে দেবে। তাঁর দৃষ্টিতে সব মহৎ মানবিক কর্মাভিধাই ব্যক্তির ‘সর্বদয়’ এবং এই ব্যক্তির ‘সর্বোদয়’ই সমগ্র মানবের ‘সর্বোদয়ের’ আন্তর-আত্মীয়তা রচনা করে নিখিল মানব বিশ্বের পরম উত্তরণ সার্থক করে নতুন দিনের জাগরণ আনবে। তাই তিনি মনে করেন যে আর্টকেও অনিবার্যতাই এই সর্বোদয়ের প্রাণন আদর্শ-প্রাণিত হতে হবে। সর্বোদয়ের পূর্ণাদর্শ-বিদ্যুত মানুষের

কোনো কর্মা-ভিধাকেই গান্ধীজি মহৎ বলে মানেন না। সর্বোদয়ের আদর্শ-বিদ্যুত আর্টও তাই নিম্নমানের আনন্দ ব্যসনের উপাদান।

সর্বোদয় আদর্শই গান্ধীজির জীবন সাধনার সত্যাদর্শ বলেই তিনি আর্টকে কেবল বিদগ্ধ মহলেই সীমায়িত রাখতে চান না এবং বিশেষজ্ঞ সমাজ অনুভূত সমাদৃত আর রচিত আর্ট-এর প্রতি তাই তাঁর কোনো আকর্ষণ এবং স্বীকৃতি নেই। যে আর্ট-এর প্রাবণিক ভাব ব্যঞ্জনা খুব সহজেই সব শ্রেণীর মানুষের মনে সঞ্চারিত হয়ে তাদের অন্তরে নতুন জাগরণের স্পন্দন তুলতে পারে— সেই আর্ট-এর প্রতিই তাঁর আকর্ষণ স্বীকৃতি এবং সমাদর। তিনি সেই আর্টকে মহৎ শিল্পও বলেন। তাই দিলীপ কুমারকে তিনি একবার বলেছিলেন যে ‘আমি তাকে মহৎ শিল্প বলি না যার কদর শুধুই বিশেষজ্ঞদের কাছে অর্থাৎ টেকনিকের অঙ্কি সঙ্কি না জানলে যার কোনো মাথা-মুণ্ডুই পাওয়া যায় না। আমি মনে করি যে মহৎ শিল্পের আবেদন ঠিক প্রকৃতির শিল্পের মতই বিশ্বজনীন। চুল চেঁচা বিচার নিয়ে মাথা ঘামানোর নামই যে শিল্পবোধ এ আমি ভাবতেই পারি না। খাঁটি রসবোধের সঙ্গে সমাজদারিয়ানা ও তানটানের চেকনাইয়ের কোনো সম্বন্ধই নেই। তার বেশ হবে সরল— তার প্রকাশ হবে সহজ— ঐ যে বললাম ঠিক প্রকৃতির প্রাঞ্জল ভাষার মতন।’ তাই তিনি পরিষ্কারই বলেছেন যে “I want art and literature that can speak to the millions”। যে আর্ট খুব সহজেই সব মানুষের মনে তার ভাব রাগ সঞ্চারিত করতে পারে না— সে আর্ট-এর কোনো মহৎ অবদান নেই বলেই তিনি মনে করেন। এই মানসিকতা থেকেই তিনি বলেছেন যে “I love music and all other arts, but I do not attach such value to them as is generally done. I can not for example recognise the value of

those activities which require technical knowledge for thir understanding.”

আর্ট বিষয়ক গান্ধীজির এই সব নানান অভিধা থেকে সহজেই মনে হয় যে মানবিক কল্যাণ-ভাবনা-মগ্ন তাঁর মন কখনই সেই আর্টকে উচ্চ মূল্য দিতে চায়নি— যে আর্ট শ্রেয়োবোধ প্রাণিত হয়ে প্রত্যক্ষ এবং নিবিড়ভাবে মানবিক কল্যাণ প্রতিশ্রুত করে না। তিনি তাই আর্ট-এর ‘কলা কৈবল্যবাদের’ পরিবর্তে তার ‘প্রয়োজনবাদ’-এর কথাই বলছেন। তবে তাঁর দৃষ্টিতে এই ‘প্রয়োজন’ কোনো অর্থেই তাৎক্ষণিক বা ক্ষণ মৌহূর্তিক নয়— এ ‘প্রয়োজন’ আত্মিক এবং চিরন্তন। আর্ট-এর স্বরূপ রূপায়ণের প্রেক্ষিতে তিনি তাই বলছেন যে ‘প্রত্যেক জিনিসেরই দু’টি দিক রয়েছে— একটা বাইরের, একটা ভেতরের। আমরা কোনটার ওপর জোর দিই— তার ওপরেই আমার কাছে কোনটা বাইরের আর কোনটা ভেতরের জিনিস তা নির্ভর করে। বাইরের দিকটা ভেতরের প্রকাশেই সাহায্য করে মাত্র। এছাড়া তার আর কোনো মূল্য নেই। সত্যিকার আর্ট মাত্রই তার আত্মার প্রকাশ। মানুষের ভেতরের অন্তর-আত্মার প্রকাশ বলেই বাইরের রূপের সব মূল্য। সেই প্রকারের আর্টই আমার মনে সব চেয়ে বেশি আবেদন জাগায়। কিন্তু আমার অজানা নয় যে অনেকেই নিজেকে শিল্পী বলেন এবং সেভাবেই তারা স্বীকৃতিও পেয়ে থাকেন, অথচ তাদের শিল্পকৃতির ভেতর আত্মার উর্ধায়নের কিস্বা মহত্বের জন্যে অশাস্ত আকূলতার কণাংশও আভাস নেই।

সব সত্যার্থিক আর্টিকেই মানুষের আন্তর সত্তার উপলব্ধিতে সাহায্য করতে হবে ... মানুষের রচিত এই সব আর্ট-এর মূল্য ঠিক ততটুকুই, যতটুকুই তা আত্মানুভূতির দিকে মানবিক আত্মাকে সাহায্য করে।’

কীটসের মতই গান্ধীজিও মনে করেন যে সত্যই সুন্দর। মানুষের অন্তর ধর্মের সত্য ভাবটিই

সুন্দর। সুতরাং যে গীতি এবং ছবি সত্যিকারের জীবন-বাণীকে প্রকাশ করে সেই গীতি-ছবিই সুন্দর। এইভাবেই মানুষ তার জীবন সত্যের মর্মানুভূতিতে সুন্দরের উপলব্ধি সত্যতর করে তুলতে পারলেই মানুষের অন্তরের সত্যিকারের আর্ট-এর জাগরণ সম্ভব বলেই গান্ধীজি মনে করেন। আত্ম-সত্তার পরম এবং সম্যক উপলব্ধির ক্ষেত্রেই মানুষ সুন্দরকে সৃষ্টি করতে পারে। তবে মানুষের জীবনে এমনিতির সত্য মুহূর্ত যথার্থই দুর্লভ বলেই আর্ট-এ তার প্রকাশও দুর্লভ। গান্ধীজি তাই বলেছেন যে “True art takes note not merely of form but also of what lies behind. There is an art that kills and an art that gives lives. True art must be evidence of happiness, contentment and purity of its authors.”

কুঁজ-র মতনই গান্ধীজিও সত্য এবং মংগলকেই আর্ট-এর আন্তর-সত্তা হিসেবে গ্রহণ করেছিলেন। তাই তিনি মানতেন যে আর্ট-এর বিষয় হতে কোনো কিছুকে অনিবার্যতাই যে বাইরে সুন্দর হতে হবে এমন কোনো স্বতঃসিদ্ধতা নেই। জীবনের পথ-যাত্রায় এমন কিছুকে আমরা দেখতেই পাই যে বাইরের যার মোহন রূপের সমারোহ নেই অথচ আন্তর মহিমায় তার সৌন্দর্যের অমলিন প্রকাশ মানুষকে মুগ্ধ এবং প্রাণিত করে। তাই গান্ধীজি বলছেন যে ‘আমি আগেই বলেছি— সত্য ভিন্ন কোথাও সৌন্দর্য নেই। অন্য দিকে সত্য এমন রূপের ভেতর দিয়ে হয়ত নিজেকে প্রকাশ করতে পারে— বাইরে যা সত্যিই অসুন্দর। আমরা জানি যে তাঁর সময়ে সক্রেনটিসই সবচেয়ে সত্যনিষ্ঠ মানুষ ছিলেন— কিন্তু গ্রীস দেশে তিনিই সবচেয়ে কুৎসিৎও ছিলেন। আমার কাছে তিনি সুন্দর ছিলেন— কেন না, সত্যের পথে এগিয়ে যাওয়াই তাঁর সারা জীবনের সাধনা ছিল। এ কথাও স্মরণ করা যেতে পারে যে তাঁর এই কুৎসিৎ রূপের

জন্যে ফিডিয়াস তাঁর আস্তর সত্যের সৌন্দর্যের মূল্যবোধধারণ করতে পারেননি— তা নয়।’ এমন কোনো ভাব-রাগ আর্ট-এ প্রকাশ-ব্যঞ্চিত হওয়া তাঁর অনভিপ্রেত ছিল যে ভাব আত্মার উর্ধায়ণে সহায়তা করে না। তিনি বলছেন যে ‘যা-কিছু আমাদের আত্মার উর্ধায়ণের প্রতিরোধক— তা মিথ্যে এবং ছলনা জাল।’

অনেক আধুনিক নন্দনতাত্ত্বিক মনে করেন যে আর্ট ব্যক্তি জীবনের মানবি সততা-পবিত্রতা-মর্ম এবং কর্মের্ষণা নিরপেক্ষ বিশুদ্ধ অপয়োজনের আনন্দের বাণীই বহন করে। এই নান্দনিক ভাবনার সমালোচনা করে গান্ধীজি বলছেন যে ‘যেমন করেই হোক আমরা এ-জাতীয় একটি বিশ্বাসে অভ্যস্ত হয়ে উঠেছি যে আর্ট ব্যক্তি-জীবনের পবিত্রতা নিরপেক্ষ কোনো জিনিস বিশেষ। আমার সব অভিজ্ঞতা দিয়েই বলতে পারি যে এ ধারণার চেয়ে বেশি অসত্য আর কিছু হতে পারে না। আমি আমার পার্থিব জীবনের প্রাস্তিকে এসে পৌঁছেছি, এখন আমি বলতে পারি যে হৃদয়ের পবিত্রতাই শ্রেষ্ঠ এবং সবচেয়ে খাঁটি আর্ট। স্বর-সাধনায় একটি ভালো গান গাইবার কৃতিত্ব অনেকেই অর্জন করতে পারেন, কিন্তু সেই গানকে একটি পবিত্র জীবনের সুখমার ভেতর দিয়ে জাগরিত করে তোলবার ক্ষমতা কম লোকই অর্জন করে থাকেন।’

গান্ধীজির কাছে আর্ট ‘আত্মিক প্রয়োজন’ রূপে প্রতিভাত হলেও তিনি এ-কথা কখনই মানতেন না যে মানুষের ব্যবহারিক জীবনের প্রাত্যহিকতার স্পর্শে আর্ট-এর শুদ্ধতা অপনীত হতে পারে। অন্য দিকে ‘Classic art’ সম্পর্কে তাঁর অভিমত এই যে এ আর্ট সাধারণ মানুষের গত দৈনিক প্রয়োজনের ছোঁয়া বাঁচিয়ে চলতে চলতে বাস্তব জীবন-বিচ্ছিন্ন হয়ে পড়েছে এবং বৃহৎ জন সমাজের কল্যাণ সাধনের

পরিবর্তে বিশেষ শ্রেণির কিছু মানুষের আনন্দ-বিলাসের উপাদানে পরিণত হয়েছে।

এই প্রেক্ষিতে একটি ঘটনা স্মরণ করতে পারি : এক বার শ্রীমতি আগাথা হ্যারিসন গান্ধীজীকে বলেছিলেন যে তিনি নিশ্চয়ই এক টুকরো ছোট জমিতে সবাইকে ‘ফুলের চাষ’ করতে বলবেন এবং এই জন্যই বললেন যে ‘দেহের পক্ষে খাদ্যের প্রয়োজনের মতন আত্মার পক্ষে রং আর সৌন্দর্যের প্রয়োজনও রয়েছে।’ তার উত্তরে গান্ধীজি বলেছিলেন : “No, I wan’t. Why cann’t you see the beauty of colour in the vegetables? And then, there is beauty in the speckless sky. But no, you want the colours of the rainbow— which is a mere optical illusion. We have been taught to believe that what is beautiful need not be useful and what is useful can not be beautiful. I want to show that what is useful can also be beautiful.”

সুতরাং তাঁর এই নান্দনিক ভাবনা-মননার নিহিতার্থ এই যে গান্ধীজি আর্ট-এর সঙ্গে তাঁর পারমিক সর্বোদয় দর্শনের আত্মিক মিলনই চেয়েছেন আর এই সর্বোদয়ের অর্থাৎ নিখিল মানবের পরম কল্যাণ সাধনায় মানবাত্মার উর্ধায়ত জাগরণ স্পন্দিত করে তোলাতেই আর্ট-এর পরম সিদ্ধি-সার্থকতা বলে মনে করেছেন। মানবিক জীবনে এই পরম শ্রেয়ো-বোধিক জাগরণের মর্ম-সত্যই আত্মার পরম উপলব্ধি। এই পরম শ্রেয়ো-বোধির অমেয় চৈতন্যে মানুষকে উদ্বোধিত করে তোলার শুভ-দায়িত্ব আর্ট-ই বহন করবে বলে গান্ধীজি মনে করেন।



DIRECTOR-SECRETARY'S REPORT
on the Programme and Activities of the
Gandhi Smarak Sangrahalaya, Barrackpore,
during March, 2016 to May, 2016

1. School Programme for remote rural areas (21/03/16) :

On March 21, 2016 the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore visited the Namkhana Narayan Vidyamandir situated at Namkhana, 24 Parganas South as part of the programme for schools in remote rural areas. The mobile exhibition set '**Alokchitre Teen Mahajibon'** (three great personalities in photographs.—

Gurudev Rabindranath Tagore, Mahatma Gandhi and Netaji Subhash Chandra Bose) in roll-up standee was mounted by the Sangrahalaya at the school premises for the students as well as the staff of the school. After this the documentary titled '**Role of Barrackpore in the Freedom Movement of India'**' was shown which was followed by the audio-visual quiz consisting of twenty (20)



questions on Mahatma Gandhi conducted for the students. The documentary prepared by the institution **Juktibadi Sanskritik**

Samsthha, Canning, titled *'Snakes of Sunderban'* was presented by the Sangrahalaya in the second half of the programme in the section



called ***'Dasher Katha Dasher Katha'*** for highlighting the environmental aspect of nature. Nearly five hundred (500) students and the staff of the school participated in the programme which received an extremely positive response.



2. National Seminar on ***'Rethinking Gandhian Thought: Issues and Challenges'*** (26/03/2016) :

The Sangrahalaya organized a day-long National Seminar on

'Rethinking Gandhian Thought: Issues and Challenges' at its premises on March 26, 2016 from 11:00 a.m. to 5:00 p.m. Gandhiji's life, ideas and work are of crucial importance to all those who want a





better life for humankind. The political map of the world has changed dramatically since his time, the economic scenario has witnessed unleashing of some disturbing forces, and the social set-up has undergone a tremendous change. The importance of moral and ethical issues raised by him, however, remain central to the future of individuals and nations. Today we need him, more than before. It was with this aim of analyzing Mahatma Gandhi in a new perspective that the Sangrahalaya came up with the theme of the Seminar. The Seminar was well attended by the Chairman of the Managing Committee of the Sangrahalaya, Shri Narayan Basu

and other Members of the Committee, personnel from institutions related to Mahatma Gandhi, Faculty members of the Department of Museology, University of Calcutta and Rabindra Bharati University, distinguished scholars and research fellows from different Universities. The Inaugural Session of the programme was presided by Shri Narayan Basu, Chairman of the Managing Committee of the Gandhi Smarak Sangrahalaya whereas the Welcome Address was delivered by the Director- Secretary of the Sangrahalaya, Shri Pratik Ghosh.

The Keynote Address was delivered by Shri A. Annamalai, Director, National Gandhi

Museum, New Delhi. The speakers of the Inaugural Session included Professor Sachindra Nath Bhattacharyya, Former Professor, Department of Museology, University of Calcutta, Dr. Shyamalkanti Chakravarti, Former Director, Indian Museum and National Library, Kolkata, Shri A. Annamalai and Shri Pawan Gupta. There were a total of three (3) academic sessions following the Inaugural Session, chaired ably by Dr. Shyamalkanti Chakravarti, Professor Sakti Bhattacharya, Retired Director, Institute of English, Kolkata and Shri A. Annamalai. In all ten (10) papers

were presented at the Seminar which gave interesting and diverse views on the theme of the Seminar. Finally, the Valedictory Address was delivered by Shri Pawan Kumar Gupta, Eminent Gandhian Scholar.

The Seminar was a success and left room for thought for everyone to analyze Gandhiji in a new perspective and consideration of the significance and efficacy of Gandhian philosophy in today's world by means of the papers presented in the Seminar from Mussoorie.



3. Programme for Formation of Women Self Help Groups and Financial Empowerment by various Trainings (16/04/2016) :

The Training Programme started by the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore in the previous financial year to form Self Help Groups and provide financial empowerment to local needy women is being carried on successfully. After the completion



of the training on Food Preparation and Preservation, the present training that has been started is Tailoring. Like the previous one, this training is

being carried out in association with Manirampur Manila Shilpa Samabaya Samity Limited.

Participants of the training are being taught the details of tailoring such as cutting and making dresses such as kurtis, blouses, etc.





4. Birthday Celebrations of Gurudev Rabindranath Tagore (08/05/2016) :

The Birthday Celebrations of Gurudev Rabindranath Tagore was observed by the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore, on May 8, 2016, at its premises. A programme was arranged to mark the occasion which took place in

the evening from 4 p.m. The programme was based on the theme '*Tomay Notun Kore Pabo Bole*' highlighting the sweet and intimate relation between Gurudev Rabindranath Tagore and Mahatma Gandhi.

The programme started with the garlanding of the photograph of Rabindranath and Gandhiji, by the members of the Managing Committee of the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore and other eminent persons present at the programme. A humble tribute was paid to Gurudev Rabindranath

Tagore on behalf of the Sangrahalaya by the members of its staff with the item termed '*Amar Rabindranath*' based on the poem on Tagore by Subho Dasgupta and songs written by Tagore. A Musical Soiree based on the relation between Tagore and Gandhiji was performed by the cultural group *Muktangan Sanskritik Samsthha*



from Barrackpore. Finally, a unique programme of *Kabir Lorai* (a competition between folk artists of impromptu folk songs composed and sung on the spot based on a particular theme) took place. The kabir lorai was performed by Sri Radha Krishna Tarja Samsthha headed by Kabiyaal Jadab Chandra Mondal and his associates Kabiyaal Mahadev Halder and Smt. Rama Halder and *Dhol* (indigenous drum of Bengal) player Sri Monoranjan Sarkar.

The function drew immense amount of positive response from the audience due to its innovative format. The presentation of *kabir*

lorai in particular was successful in captivating the audience as it was something unique that was never seen before, a folk art that is on the verge of extinction from Bengal.

5. Group Visits :

The students of the Department of Philosophy, Srerampore College, came to visit the Sangrahalaya on 29th March, 2016 along with their Professor for their educational tour. They were provided with a guided tour of the Sangrahalaya and shown the documentary, titled. 'Role of Barrackpore in Indian Freedom Movement'.

**List of English Articles
Published in Gandhi News/Gandhi Sanbad
from 1998 to 2016**

SLNo.	Name of Article	Author	Volume/No.
1	<i>Light or Darkness</i>	Mira Behn	Vol. 1, No. 1 Nov-Dec, 1998 pp. 6-7
2	<i>The Martyrs ' Day, Mahatma Gandhi and Ourselves</i>	Swapan Kumar Bhattacharyya	Vol. 1, No. 2 Feb-March, 1999 pp. 18-22
3	<i>Partnership With Nature : Agenda For 21st Century</i>	Dwijesh Dutta Majumder	Vol. 1, No. 3 July-August, 1999 pp. 9-12, 19
4	<i>Gandhi in the Context of the Challenges of the New Millennium</i>	Prof. N. Radhakrishnan	Vol. 1, No. 3 July- August, 1999, pp. 28-32
5	<i>Challenges of the 21st Century</i>	Dr. Y. P. Anand	Vol. 1, No. 3 July-August, 1999 pp. 33-39
6	<i>A Dreamer</i>	Bibhas Sen	Gandhi Birthday Number Vol. 1, No. 4 Nov-Dec, 1999 p. 5
7	<i>Legacy of Gandhi</i>	Prof. N. Radhakrishnan	Gandhi Birthday Number Vol. 1, No. 4 Nov-Dec, 1999 pp. 9-16
8	<i>Natal Indian Congress, Gandhi and Mother India</i>	Amulya Kumar Chakraborty	Gandhi Birthday Number Vol. 1, No. 4 Nov-Dec, 1999 pp. 20-22
9	<i>Sociology of Surplus in Man</i>	Sajal Basu	Vol. 2, No. 4 April-May, 2000 pp. 28-32

SLNo.	Name of Article	Author	Volume/No.
10	<i>Death of the Mahatma</i>	Ashis Nandy	Renewed Publication Vol. 3, No. 2 Oct-Dec, 2007 pp. 6-7, 13
11	<i>A Tribute : Late Bhowaniprasad Chattopadhyay</i>	Prof. Jahar Sen	Renewed Publication Vol. 3, No. 2 Oct-Dec, 2007 pp. 8-9
12	<i>Satyagrahi Durgesh Chandra Das</i>	Shyamalesh Das	Renewed Publication Vol. 3, No. 2 Oct-Dec, 2007 pp. 14-15
13	<i>The Mahatma : Son of a Man</i>	Narayan Kr. Chatterjee	Renewed Publication Vol. 3, No. 2 Oct-Dec, 2007 pp. 16-18
14	<i>A Journey Towards Freedom</i>	Swami Someswarananda	Renewed Publication Vol. 3, No. 2 Oct-Dec, 2007 pp. 19-20
15	<i>Gita as a Crisis Management</i>	Sajal Basu	Renewed Publication Vol. 3, No. 2 Oct-Dec, 2007 pp. 21-22
16	<i>Gandhi and Environment</i>	Chittabrata Palit	Renewed Publication Vol. 3, No. 2 Oct-Dec, 2007 pp. 23-28
17	<i>Gandhi and Ethics in Journalism</i>	Supriya Munshi	Renewed Publication Vol. 3, No. 2 Oct-Dec, 2007 pp. 29-32
18	<i>The Bauls of Birbhum</i>	Satyanarayan Bhattacharya	Renewed Publication Vol. 3, No. 2 Oct-Dec. 2007 pp. 32-33
19	<i>Reminiscences of a Saved Soul</i>	Haridas Mitra	Renewed Publication Vol. 3, No. 2 and 3 Oct 2007-Mar 2008 pp. 8-11

SLNo.	Name of Article	Author	Volume/No.
20	<i>Role of Midnapur Women in Quit India Movement</i>	Sachindra Kumar Maity	Renewed Publication Vol. 3, No. 2 and 3 Oct 2007-Mar 2008 pp. 39-51
21	<i>Bapuji at Belegkata</i>	Labanya Prova Dutta	Renewed Publication Vol. 3, No. 4 April-Jun, 2008 pp. 5-6
22	<i>Santhal Attitude to Health Care</i>	Chittabrata Palit	Renewed Publication Vol. 3, No. 4 April-Jun, 2008 pp. 30-32
23	<i>An Unchartered Sea in Meditation</i>	Swami Someswarananda	Renewed Publication Vol. 3, No. 4 April-Jun 2008 pp. 33-34
24	<i>Objective Situation in Friendship, Enmity</i>	Sajal Basu	Renewed Publication Vol. 3, No. 4 April-Jun, 2008 pp. 35-36
25	<i>Gandhiji on Brahmacharya</i>	Shyamal Chandra Bandopadhyay	Renewed Publication Vol. 3, No. 4 April-Jun, 2008 pp. 37-40
26	<i>Reminiscence</i>	Prof. Nirmal Kumar Bose	Renewed Publication Vol. 4, No. 1 July-Sept, 2008 pp. 7-11
27	<i>Christ and Mahatma-A Parampara</i>	Supriya Munshi	Renewed Publication Vol. 4, No. 1 July-Sept 2008 pp. 19-22
28	<i>Tibet : Her Pain, My Shame</i>	Tang Danhong	Renewed Publication Vol. 4, No. 1 July-Sept, 2008 pp. 37-40
29	<i>Ecology Destroyed by Development</i>	Sajal Basu	Renewed Publication Vol. 4, No. 1 July-Sept, 2008 pp. 41-44

SLNo.	Name of Article	Author	Volume/No.
30	<i>Antpur Terracotta Temples</i>	Santi Ranjan Das	Renewed Publication Vol. 4, No. 1 July-Sept, 2008 pp. 43-44
31	<i>Poverty : Main Obstacle to Human Rights</i>	Rajindar Sachar	Renewed Publication Vol. 4, No. 2 Oct-Dec 2008 pp. 5-12
32	<i>Sarvodaya in India</i>	Supriya Munshi	Renewed Publication Vol. 4, No. 2 Oct-Dec 2008 pp. 13-15, 37
33	<i>Impact of Gandhi's Non-Violence</i>	Varsha Das	Renewed Publication Vol. 4, No. 2 Oct-Dec 2008 pp. 35-37
34	<i>Gita: Unity in Diversity</i>	Swami Someswarananda	Renewed Publication Vol. 4, No. 2 Oct-Dec 2008 pp. 38-39
35	<i>The Racial Bias of Nobel Committee</i>	Sajal Basu	Renewed Publication Vol. 4, No. 2 Oct-Dec 2008 pp. 40-41
36	<i>The Mahatma & The Mahayogi</i>	Supriya Munshi	Renewed Publication Vol. 4, No. 3 Jan-Mar 2009 pp. 5-7,11
37	<i>Continental Shifts</i>	Rammanohar Lohia	Renewed Publication Vol. 4, No. 3 Jan-Mar 2009 pp. 8-11
38	<i>My Days With Mahatma</i>	R. R. Divakar	Renewed Publication Vol. 4, No. 3 Jan-Mar 2009 pp. 12-18
39	<i>Physiography of Water</i>	Sanjay Kumar	Renewed Publication Vol. 4, No. 3 Jan-Mar 2009 pp. 40-42

SLNo.	Name of Article	Author	Volume/No.
40	<i>Constraints to Industrialisation</i>	Sajal Basu	Renewed Publication Vol. 4, No. 3 Jan-Mar 2009 pp. 43-45
41	<i>Dangers Of Inflaming Chinese Nationalism</i>	Zhang Quanyi	Renewed Publication Vol. 4, No. 3 Jan-Mar 2009 pp. 46-47
42	<i>Chinese Writing on Tibet</i>	Tenzin Monlam	Renewed Publication Vol. 4, No. 3 Jan-Mar 2009 pp. 48-50
43	<i>Gita's World : Go Beyond Your Ego</i>	Swami Someswarananda	Renewed Publication Vol. 4, No. 3 Jan-Mar 2009 pp. 51-52
44	<i>Clean Politics : Ban Corporate Funding to Election Fund</i>	Rajindar Sachar	Renewed Publication Vol. 4, No. 4 Apr-Jun 2009 pp. 5-6, 11
45	<i>Wit and Humour of Mahatma Gandhi</i>	N. C. Sinha	Renewed Publication Vol. 4, No. 4 Apr-Jun 2009 pp. 7-11
46	<i>From the Reminiscences</i>	S. N. Biswas	Renewed Publication Vol. 4, No. 4 Apr-Jun 2009 pp. 27-30, 38
47	<i>Gita : A New Dawn Appears</i>	Swami Someswarananda	Renewed Publication Vol. 4, No. 4 Apr-Jun 2009 pp. 31-32
48	<i>Orphan's Life Saved by PIL</i>	Prabhakar Sinha	Renewed Publication Vol. 4, No. 4 Apr-Jun 2009 p. 33
49	<i>Gandhi the Leader</i>	Pearl S. Buck	Special Issue Vol. 5, No. 1 & 2 Oct 2009 pp. 5-8

SLNo.	Name of Article	Author	Volume/No.
50	<i>Asoka Legacy In West Asia</i>	Nirmal Chandra Sinha	Special Issue Vol. 5, No. 1 & 2 Oct 2009 pp. 9-15
51	<i>The Ever-glittering Gandhiji</i>	Narayan Kumar Chatterjee	Special Issue Vol. 5, No. 1 & 2 Oct 2009 pp. 16-17
52	<i>Moksha in Daily Life</i>	Swami Someswarananda	Special Issue Vol. 5, No. 1 & 2 Oct 2009 pp. 61-62
53	<i>Uncertain Future of Tibetan Plateau</i>	Katherin Morton	Special Issue Vol. 5, No. 1 & 2 Oct 2009 pp. 63-66
54	<i>Strange Partners : Gandhi— The Bengalee Intelligentsia (1919-1925)</i>	Saumya Mukhopadhyay	Special Issue Vol. 5, No. 1 & 2 Oct 2009 pp. 67-80
55	<i>Theological Discourses in Indian History (Part- 1)</i>	Amalendu De	Special Issue Vol. 5, No. 1 & 2 Jan-Mar 2010 pp. 6-9
56	<i>Gandhiji and National Integration</i>	Chittabrata Palit	Special Issue Vol. 5, No. 1 & 2 Jan-Mar 2010 pp. 10-11, 16
57	<i>A Unique Peace Museum</i>	Mahua Chakrabarty	Special Issue Vol. 5, No. 1 & 2 Jan-Mar 2010 pp. 12-16
58	<i>Right to Life and Personal Property</i>	Prabhakar Sinha	Special Issue Vol. 5, No. 1 & 2 Jan-Mar 2010 pp. 17-21, 25
59	<i>Public Image of Subhash Chandra Rose</i>	Prof. Jahar Sen	Renewed Publication Vol. 5, No. 3 Jan-Mar 2010 pp. 43-44

SLNo.	Name of Article	Author	Volume/No.
60	<i>Rajaji Formula for Pakistan</i>	Shyamal Chandra Bandyopadhyay	Renewed Publication Vol. 5, No. 3 Jan-Mar 2010 pp. 45-51, 56
61	<i>Mahatma Gandhi as Viewed By Marxists</i>	Shyamales Das	Renewed Publication Vol. 5, No. 3 Jan-Mar 2010 pp. 52-56
62	<i>Theological Discourses in Indian History (Part- 2)</i>	Amalendu De	Renewed Publication Vol. 6, No. 1 Apr-Jun 2010 pp. 27-30, 46
63	<i>Nationalism versus Patriotism</i>	Ashis Nandy	Renewed Publication Vol. 6, No. 1 Apr-Jun 2010 pp. 31-36
64	<i>Tagore's Vision of Pan-Asianism</i>	Prof. Jahar Sen	Renewed Publication Vol. 6, No. 1, Apr-Jun 2010 pp. 37-41
65	<i>Sociology of Surplus in Man</i>	Sajal Basu	Renewed Publication Vol. 6, No. 1 Apr-Jun 2010 pp. 42-46
66	<i>Child Undernutrition in India</i>	Dr. Korin Hulshof	Renewed Publication Vol. 6, No. 1 Apr-Jun 2010 pp. 47-48
67	<i>Socialism And The Nationalist Movement</i>	Acharya Narendra Deva	Renewed Publication Vol. 6, No. 4 Jan-Mar 2010 pp. 5-11, 25
68	<i>Gandhi on Hinduism</i>	Tapan Kumar Chattopadhyay	Renewed Publication Vol. 6, No. 4 Jan-Mar 2010 pp. 12-14
69	<i>Evolution of The Bible</i>	Arunabha Dasgupta	Renewed Publication Vol. 6, No. 4 Jan-Mar 2010 pp. 34-37


SLNo.	Name of Article	Author	Volume/No.
70	<i>Gita : Going Beyond</i>	Swami Someswarananda	Renewed Publication Vol. 6, No. 4 Jan-Mar 2010 pp. 38-39
71	<i>Desai-Liaquat Ali Pact</i>	Shyamal Chandra Bandyopadhyay	Renewed Publication Vol. 6, No. 4 Jan-Mar 2010 pp. 40-47
72	<i>Arguing For A Better World</i>	E. G. Verghese	Renewed Publication Vol. 6, No. 4 Jan-Mar 2010 pp. 48-49
73	<i>Is Development Killing Tibet's Way of Life</i>	Damin Grammticas	Renewed Publication Vol. 6, No. 4 Jan-Mar 2011 pp. 54-56
75	<i>Buddha and Buddhism</i>	Rabindranath Tagore	Vol. 7, No. 1 July-Sept 2011 pp. 6-11
76	<i>Philosophy of History (Part- I)</i>	Amalendu De	Vol. 7, No. 2 July-Sept 2011 pp. 12-16
77	<i>Gita : Stand Aloof</i>	Swami Someswarananda	Vol. 7, No. 2 July-Sept 2011 pp. 29-30
78	<i>Chiang Kai-Shek in India</i>	Shyamal Chandra Bandyopadhyay	Vol. 7, No. 2 July-Sept 2011 pp. 31-41
79	<i>Interview with Dr. Rammanohar Lohia (Part- 1)</i>	Paul Brass	Vol. 7, No. 2 July-Sept 2011 pp. 47-54
80	<i>Gandhi On Hinduism</i>	Tapan Kumar Chattopadhyay	Vol. 7, No. 2 July-Sept 2011 pp. 55-56
81	<i>Philosophy of History (Part- 2)</i>	Amalendu De	Vol. 7, No. 3 Jan-Mar 2012 pp. 5-10
82	<i>Heritage of Gandhi Smarak Sangrahalaya</i>	Anindita Kundu	Vol. 7, No. 3 Jan-Mar 2012 pp. 25-32

SLNo.	Name of Article	Author	Volume/No.
83	<i>Gandhiji's Emissary In America</i>	Shyamalesh Das	Vol. 7, No. 3 Jan-Mar 2012 pp. 33-34
84	<i>Interview with Dr. Rammanohar Lohia (Part- 2)</i>	Paul Brass	Vol. 7, No. 3 Jan-Mar 2012 pp. 35-43
85	<i>Development Programmes of Asoka</i>	Jagat Pati Sarkar	Vol. 7, No. 3 Jan-Mar 2012 pp. 44-50
86	<i>A 46 Years' Trek With Mahatma Gandhi</i>	Supriya Munsri	Vol. 8, No. 1 July-Sept 2012 pp. 5-9
87	<i>Philosophy of History (Part- 3)</i>	Amalendu De	Vol. 8, No. 1 July-Sept 2012 pp. 10-13, 19
88	<i>Fast Track Population Development</i>	Frederika Meijer	Vol. 8, No. 1 July-Sept 2012 pp. 14-16
89	<i>Cripps in India : 1939</i>	Shyamal Chandra Bandyopadhyay	Vol. 8, No. 1 July-Sept 2012 pp. 35-42
90	<i>Religious Tolerance in India</i>	Gandhiji : On Religion	Vol. 8, No. 2 Apr-Jun 2013 pp. 8-9, 12
91	<i>The Roots of Truth</i>	Gandhi : On Political Economy	Vol. 8, No. 2 Apr-Jun 2013 pp. 10-12
92	<i>Gandhi's Autobiography—The Leader as a Child</i>	Erik H. Erikson	Vol. 8, No. 2 Apr-Jun pp. 13-23, 27
93	<i>Tibetan Self-Immolations : China Powerless</i>	Simon Denyer	Vol. 8, No. 2 Apr-Jun 2013 pp. 40-41
94	<i>Gandhi Memorial Museum</i>	Pratik Ghosh	Vol. 8, No. 2 Apr-Jun 2013 pp. 43-44
95	<i>To The Stalin Mausoleum (Part- 1)</i>	Mr. Z	Vol. 8, No. 3 Oct-Dec 2013 pp. 21-25

SLNo.	Name of Article	Author	Volume/No.
96	<i>The Secret Police and Soviet Politics</i>	William C. Bodie	Vol. 8, No. 3 Oct-Dec 2013 pp. 26-35
97	<i>Political Sociology of Tiananmen 1989</i>	Andrew G. Walder	Vol. 8, No. 3 Oct-Dec 2013 pp. 36-43
98	<i>Swami Vivekananda's Message In Post-Religious World</i>	Jahar Sen	Vol. 8, No. 4 Jan-Mar 2014 pp. 5-11
99	<i>To The Stalin Mausoleum (Part- 2)</i>	Mr. Z	Vol. 8, No. 4 Jan-Mar 2014 pp. 12-18
100	<i>August Offer 1940 : Congress Blunder</i>	Shyamal Chandra Bandyopadhyay	Vol. 8, No. 4 Jan-Mar 2014 pp. 39-44
101	<i>Social Role of Museums & Museum Role of Society</i>	Prof. Supriya Munshi	Vol. 8, No. 4, Jan-Mar 2014 pp. 45-48
102	<i>A Plea For Communicability</i>	Sukhamoy Chakravarty	Vol. 9, No. 1 Apr-Jun 2014 pp. 11-14
103	<i>BAUDELAIRE (Translated from Original French)</i>	Andre Beteille	Vol. 9, No. 1 Apr-Jun 2014 p. 15
104	<i>Problems of Historical Materialism</i>	Ashin Das Gupta	Vol. 9, No. 1 Apr-Jun 2014 pp. 40-45
105	<i>Museum and Value Education</i>	Prof. Supriya Munshi	Vol. 9, No. 1 Apr-Jun 2014 pp. 46-48
106	<i>B. R. Ambedkar and Dalit Ideology</i>	Chittabrata Palit	Special Issue Vol. 9, No. 2 Jul-Dec 2014 pp. 5-9
107	<i>Gandhi and Permanent Revolution</i>	Balloon Dhingra	Special Issue Vol. 9, No. 2 Jul-Dec 2014 pp. 10-15
108	<i>Walden's Man of Science</i>	Walter Harding	Special Issue Vol. 9, No. 2 Jul-Dec 2014 pp. 31-34

SLNo.	Name of Article	Author	Volume/No.
109	<i>Iswara Allah Tere Nam</i>	N. C. Sinha	Special Issue Vol. 9, No. 2 Jul-Dec 2014 pp. 35-37
110	<i>A Profile of Renewed Evaluation</i>	Shyamalesh Das	Special Issue Vol. 9, No. 2 Jul-Dec 2014 pp. 63-64
111	<i>Gandhian Approach to Rural Development Through a Museum in India</i>	Pratik Ghosh	Special Issue Vol. 9, No. 2 Jul-Dec 2014 pp. 65-72
112	<i>This is Absurd Mr. Prime Minister!</i>	Rajindar Sachar	Vol. 10, No. 1 Apr-Jun 2014 pp. 6-8
113	<i>A Tribute to Late Narayan Desai</i>	Prof. Jahar Sen	Vol. 10, No. 1 Apr-Jun 2014 pp. 9-10
114	<i>South Africa-Making of Gandhian Way</i>	Dr. Debabrata Das	Vol. 10, No. 1 Apr-Jun 2014 pp. 27-31
115	<i>A Document on Tagore-Gandhi Correspondence</i>	—	Vol. 10, No. 2 July-Sept 2015 pp. 4-6
116	<i>Toleration In Islam</i>	Rezaul Karim	Vol. 10, No. 2 July-Sept 2015 pp. 7-11
117	<i>Gram Swaraj</i>	Sisir Sanyal	Vol. 10, No. 2 July-Sept 2015 pp. 12-25
118	<i>Document Gandhi-Bose Correspondence</i>	—	Vol. 10, No. 3 Oct-Dec 2015 pp. 8-11
119	<i>Document on Gandhi's Tribute to Netaji</i>	—	Vol. 10, No. 3 Oct-Dec 2015 p. 12
120	<i>Document on Gandhi's Appeal for Commuting Death Sentence on Bhagat Singh and Two Others</i>	—	Vol. 10, No. 3 Oct-Dec 2015 pp. 13-15

SLNo.	Name of Article	Author	Volume/No.
121	<i>Document on Gandhi's Letter to Herr Hitler</i>	—	Vol. 10, No. 3 Oct-Dec 2015 p. 16
122	<i>Maulana Abul Kalam Azad and His Concept of Unity of Religion</i>	Ashgar Ali Engineer	Vol. 10, No. 3 Oct-Dec 2015 pp. 17-22
123	<i>Contemporary Ecologism and the Relevance of Tagore</i>	Tapan Kumar Chattopadhyay	Vol. 10, No. 3 Oct-Dec 2015 pp. 23-30
124	<i>Gandhi Understands Women</i>	Millie Graham Polak	Vol. 10, No. 4 Jan-March 2016 pp. 15-18
125	<i>Museum and Community Participation : A Case Study of Community Participation Initiatives at Gandhi Memorial Museum, Barrackpore</i>	Pratik Ghosh	Vol. 10, No. 4 Jan-March 2016 pp. 19-29



গান্ধী মহম্মদ ইকবাল

গান্ধীকে এই কথা বলছিলেন একদিন মালবি
 দুনিয়ায় সবচেয়ে অক্ষম হল দুর্বলের মইখানি।
 এই সাম্রাজ্য তো কোমল গোলাপ পাপড়ির মতো পলকা নয়
 যাকে পূর্বা বাতাস উড়িয়ে নিয়ে যাবে ফুলবাগান থেকে,
 শ্লেভ গর্জন এধারে, আর ওদিকে সশস্ত্র সজ্জা,
 বড়ের আওয়াজের মধ্যে তাতাপাখির আরজি পৌঁছবে কোথায় ?
 ঘরের পোষ্টাই পেয়ে যে দানা পুষ্ট হয়ে উঠেছে
 পেঘাই করে তা থেকে মিলবে খালি দিনখাটার পথের ধুলো।
 একথা শুনে বললেন সেই বিচক্ষণ সত্যসন্ধী মানুষ,
 গ্রন্থিট পাথরও হার মানে পালকের অধ্যবসায়ের কাছে,
 দাঁতের কঠিন মূলে খড়কে খুঁজে পায় যেমন হাজারটা ফাটল !

(মূল উর্দু)

গান্ধীসে এক রোজ এ কহতে থে মালবি
 কমজোর কী কমন্দ হয় দুনিয়াঁ মেঁ নারসা !
 নাজুক এ সলতনৎ সফৎ-এ-বর্গ-এ-গুল নহী
 লে জায়ে গুলিস্তাঁ সে উড়াকর জিসে সবা,
 গাজা ইধর হয় জেব-এ-বদন ওঁর উধর জেরা
 সর্ সর্ কি রহগুজরাহ মেঁ কিয়া অর্জ-এ তুতিয়া !
 পিস্ কর মিলাগে গর্দএ-রহ্-এ-রোজগার মেঁ
 দানা জো আসিয়াঁ সে হয়া কুববত আজমা !
 বোলা এ বাত সুন কে কমাল-এ-বকার সে,
 ওহ্ মর্দ-এ-পুখ্তকার-ও-হক্ অন্দেগ-ও-বাসফা !
 খারা হরীফ-এ-স'য়-এ-দস্ফাঁ নমী শব্দ !
 সদ্ কুচা সৈস্ত্ দর বুন-এ-দন্দা খিলাল রা !

Gandhi Smarak Sangrahalaya

14, Riverside Road, Barrackpore, Kolkata-700120

Website : www.gandhimuseum.in □ E-mail : gandhimuseum.120@gmail.com

Editor : Professor Jahar Sen

Published and printed by Pratik Ghosh, Director-Secretary, Gandhi Smarak Sangrahalaya, Barrackpore, Kolkata-700120 and Printed from Satyajug Employees Co-operative Industrial Society Ltd., Kolkata-72

Subscription : ₹ 20.00